আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৩৬ কলকাতা বুধবার, ১ এপ্রিল ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৭ চৈত্র ১৪৩২ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# রাজ্যে কয়েক হাজার আসনে নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির সার্টিফিকেট কোর্স (এ এন এম) এবং জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা (জি এন এম) কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা আয়োজিত হবে ১৪ জুন (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। এ এন এম কোর্সের ক্ষেত্রে শুধু মহিলারা আবেদন করবেন। উভয় কোর্সের ক্ষেত্রে ৩১-১২-২০২৫ তারিখ অনুসারে প্রার্থীকে স্থায়ী বাসিন্দা হিসেবে পশ্চিমবঙ্গে অন্তত ১০ বছর টানা বসবাস করে থাকতে হবে।

**এ এন এম, জি এন এম-এর প্রবেশিকা পরীক্ষা ১৪ জুন**

প্রার্থীকে অবশ্যই বাংলায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪০ শতাংশ (তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ৩৫ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে হেলথ কেয়ার সায়েন্স শাখায় কমিউনিটি হেলথ কাউন্সেলর, পেশেন্ট কেয়ার অ্যাসিস্ট্যান্ট, পাবলিক হেলথ অ্যান্ড ফার্স্ট এইড-এর মধ্যে যে-কোনও দু'টি বিষয় (২০২৩ সালের আগে ভোকেশনাল শাখায় হোম সায়েন্স নিয়ে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে কমিউনিটি নিউট্রিশন, হসপিটাল ম্যানেজমেন্ট, পাবলিক হেলথ অ্যান্ড ফার্স্ট এইড) পড়ে থাকতে হবে। উভয় কোর্সের ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ইংরেজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২৬ তারিখে অন্তত ১৭ বছর হতে হবে।

**স্টাইপেন্ড:** এ এন এম কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি মাসে ৫০০ টাকা।

এরপর দুয়ের পাতায়

# স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কয়েক হাজার ক্লার্ক ও প্রবেশনারি অফিসার নেবে

**নিজস্ব প্রতিনিধি:** কয়েক হাজার ক্লার্ক (জুনিয়র অ্যাসোসিয়েট) নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। পাশাপাশি প্রবেশনারি অফিসারের সহস্রাধিক শূন্যপদ পূরণের পরিকল্পনাও রয়েছে। এ বছরের জুন-জুলাই মাস থেকে এই দুই পদে নিয়োগের প্রক্রিয়া শুরু হতে পারে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই দুই পদে আবেদন করতে পারেন। নিয়োগের বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি।

**শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার গ্র্যাজুয়েট**

আগ্রহীদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হচ্ছে।

প্রসঙ্গত, ২০২৫-এ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চেয়ারম্যান সিএস শেট্টি জানিয়েছিলেন, ২০২৬ অর্থবর্ষে ১৮,০০০ কর্মী নিয়োগ করবে স্টেট ব্যাঙ্ক এবং গত এক দশকের মধ্যে এটিই হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় সবচেয়ে বড় নিয়োগ। এর মধ্যে রয়েছে ক্লার্ক তথা জুনিয়র অ্যাসোসিয়েট, প্রবেশনারি

এরপর সাতের পাতায়

# সশস্ত্র সীমা বলে ১২৭

## কনস্টেবল, সাব-ইনস্পেক্টর

বিভিন্ন বিভাগে ১২৭ জন হেড কনস্টেবল, কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর নেবে সশস্ত্র সীমা বল। হেড কনস্টেবল নিয়োগ করা হবে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট এবং ফিজিয়োথেরাপি অ্যাসিস্ট্যান্ট পদে, কনস্টেবল নিয়োগ করা হবে নার্সিং অ্যাসিস্ট্যান্ট কাম মেডিক পদে এবং সাব-ইনস্পেক্টর নিয়োগ করা হবে স্টাফ নার্স ও পায়োনিয়ার পদে এবং কমিউনিকেশন বিভাগে। এটি একটি অস্থায়ী নিয়োগ, কিন্তু ভবিষ্যতে স্থায়ী

এরপর তিনের পাতায়

# ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ২৪০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

২৪০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কোচির ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড অ্যান্ড ন্যাভাল এয়ারক্রাফট ইয়ার্ড। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন ট্রেডে।

ট্রেড অনুসারে আসনসংখ্যা: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ২১টি, ইলেক্ট্রিশিয়ান ২৯টি, ইলেক্ট্রনিক্স মেকানিক ১৮টি, ফিটার ৩১টি, মেশিনিস্ট ৯টি, মেকানিক (মোটর ভেহিক্যল) ৮টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশন ৬টি, টার্নার ৮টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১৪টি, ইনস্ট্রুমেন্ট মেকানিক ১৫টি, ফাউন্ড্রিম্যান ১টি, শিট মেটাল ওয়ার্কার ১৬টি, ড্রাফটসম্যান (সিভিল) ৩টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ২টি, সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট ১৪টি, ইলেক্ট্রোপ্লেটার ৩টি, প্লাম্বার ৫টি, মেকানিক ডিজেল ৮টি, শিপরাইট (উড) ১৮টি, পেইন্টার (জেনারেল) ৮টি, টেলর (জেনারেল) ৩টি। নিয়মানুসারে তফসিলি, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ।

**বয়স:** ১-৬-২০২৬ তারিখে অন্তত ১৮ বছর হতে হবে। কোনও উর্ধ্বসীমা নেই।

শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের

এরপর দুয়ের পাতায়

# ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে ২৪৩ সায়েন্টিস্ট

সায়েন্টিস্ট-বি পদে ২৪৩ জনকে নেবে ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার। এটি কেন্দ্রীয় সরকারের ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে গ্রুপ 'এ' ক্যাটেগরিতে। প্রার্থীকে অবশ্যই গেট-২০২৪ বা ২০২৫ বা ২০২৬ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে।

**শাখা অনুসারে শূন্যপদ:** কম্পিউটার সায়েন্সেস অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি ১৬৮টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ২৫টি, ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ৫০টি।

আবেদনের যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা এম ই বা এম টেক বা এম এসসি পাশ। অথবা এম ফিল। অথবা মাস্টার অব কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ডোয়েক-বি লেভেল কোর্স পাশ। ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বা গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের অ্যাসোসিয়েট মেম্বার হলেও আবেদন করা যাবে।

এরপর দুয়ের পাতায়

# খড়কি হাই এক্সপ্লোসিভস ফ্যাক্টরিতে সুপারভাইজরি স্টাফ, অ্যাটেন্ড্যান্ট অপারেটর

৯১ জন সুপারভাইজরি স্টাফ ও অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) নেবে পুণের খড়কি হাই এক্সপ্লোসিভস ফ্যাক্টরি। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। সুপারভাইজরি স্টাফ নিয়োগ করা হবে কেমিক্যাল শাখায়। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। তবে কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ৩ বছর বৃদ্ধি করতে পারে।

**শূন্যপদের বিবরণ:** সুপারভাইজরি স্টাফ (কেমিক্যাল): ৬টি (সাধারণ ৫, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে মিলিটারি অ্যামিউনিশনস ও এক্সপ্লোসিভস নির্মাণকারী কোনও অর্ডন্যান্স ফ্যাক্টরিতে কেমিক্যাল ট্রেডে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং অথবা ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**স্কিল্ড ওয়ার্কার (অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট):** ৮৫টি

এরপর তিনের পাতায়

# আদানি এগ্রি ফ্রেশে চাকরি

## যোগ্যতা: এগ্রিকালচার ও হর্টিকালচারের ডিগ্রি

এগ্রিকালচার ও হর্টিকালচারের পেশাদার নেবে আদানি এগ্রি ফ্রেশ লিমিটেড। এটি আদানি গোষ্ঠীর একটি সংস্থা। কৃষিপণ্য উৎপাদন, সংরক্ষণ, পরিবহণ ও বিপণনের কাজ করে এই সংস্থাটি। এগ্রিকালচার ও হর্টিকালচারের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। নিয়োগ হবে এক্সিকিউটিভ ট্রেনি পদে। এই চাকরির জব নোটিফিকেশন নম্বর: ৪৮৭৬০।

পরিবেশবান্ধব কৃষি ও বাগিচা ফসল উৎপাদনের বিষয়ে প্রার্থীর জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।

আগ্রহীরা আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.adani.com/opportunity/ ওয়েবসাইটের নীচের দিকে 'অল জবস'-এ ক্লিক করবেন। কৃষিপণ্য-ভিত্তিক বিভিন্ন চাকরি ও পদের তালিকা পাবেন এখানে। এখানেই আবেদনের লিঙ্কও পাবেন। আবেদনের শেষ দিন ৩০ মে।

ফুরোবার আগেই সংগ্রহ করুন




স্বনির্ভরতার সন্ধান

# হাইড্রোপোনিক কৃষি-পদ্ধতি ভবিষ্যতের দিশারি



**জনসংখ্যা বাড়ছে। চাষের ফলন বাড়াতে হবে। এদিকে চাষের জমি ক্রমশ কমছে। বিকল্প চাষের পদ্ধতি নিয়ে তাই ভাবনাচিন্তা শুরু হয়েছে আন্তর্জাতিক স্তরেও। এমনই এক পদ্ধতি হাইড্রোপোনিক কৃষি। এই পদ্ধতিতে চাষাবাদে মাটির প্রয়োজন নেই। ফলে গ্রামে তো বটেই, শহরেও বাণিজ্যিক ভাবে ফসল ফলানো সম্ভব।**

**নিজস্ব প্রতিনিধি:** পৃথিবীতে জনসংখ্যা ক্রমশ বাড়ছে, তার সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে খাদ্যের চাহিদা। অন্য দিকে চাষযোগ্য জমির পরিমাণ কমছে। আবহাওয়া পরিবর্তনের নেতিবাচক প্রভাব পড়ছে ফলনের উপর। কমছে সেচের জন্য ভূগর্ভস্থ জলের জোগানও। এই অবস্থায় ফলন বাড়াতে কীটনাশক ও অন্যান্য রাসায়নিক সারের ব্যবহার পরিবেশকে তো দূষিত করছেই, সেইসঙ্গে মানুষকেও অসুস্থ করছে।

জমির সমস্যা মিটিয়ে চাষের পরিমাণ বাড়াতে হাইড্রোপোনিক কৃষি অত্যন্ত কার্যকরী। বিশ্বের সব দেশেই এই পদ্ধতিতে চাষ করা হচ্ছে। আধুনিক বিজ্ঞানসম্মত এই চাষ-পদ্ধতি ভবিষ্যতের দিশারি।

হাইড্রোপোনিক পদ্ধতিতে গাছ মাটিবিহীন পাত্রে যথাযথ খাদ্য ও জল পেয়ে বেড়ে ওঠে। প্রকৃতি এবং বিজ্ঞানের এই মেলবন্ধনের মাধ্যমে প্রতিকূল পরিবেশেও খাদ্যের জোগান ঠিক রাখা সম্ভব। গ্রাম ও শহরের ভূমিহীন কৃষকরা এই বিকল্প পদ্ধতির চাষের মাধ্যমে স্বনির্ভর হতে পারেন। শুধু কৃষকরাই নন, চাইলে

এরপর দুয়ের পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Retd Govt/ Pvt/ Bank/ রেল/** ব্যবসায়ীদের (40-70) Part/Full Time জব Big Indian Co in Kol. Income+PF+Med. বিশ্বাস নিয়ে কথা বলুন। চন্দ-90075-10903.

□

**পরিচারিকা চাই**

**ঘরের কাজে অভিজ্ঞ গৃহকর্মী চাই।** ঘরঝাড়া, বাচ্চা দেয়া-নেয়া, কাপড় কাচা, সন্ধ্যের ১টি তরকারি রান্না। ৩ জন পরিবার। নিউ আলিপুর। রোজ 3-9 pm. M: 78752-57165.

□

**Req. 5yrs exp. male back executive** for a construction company knowledge MS Office, Tally with Eng. medium background. Email: hitech.cons@yahoo.com, Phone: 2590-9295.

□

**Required a Civil Engineer with** 7 years of experience. Email: gb.cons@yahoo.com, Ph: 2590-9295.

□

**Nipha Ltd. Company-তে** Chandannagar Unit-এর জন্য দক্ষ CNC/ VMC/ HMC অপারেটর প্রয়োজন। যোগাযোগ (Mail ID): hrcngr@niphaindia.com

□

**রান্না এবং একজন বয়স্ক মহিলাকে** দেখাশোনার জন্য হায়দ্রাবাদ যেতে ইচ্ছুক মাঝ বয়সী মহিলা দরকার। যোগাযোগের নাম্বার-98362-86706.

□

**ম্যানুঃ কোঃ-তে Fitter পদে মাধ্যমিক+** ডিপ্লোমা/ITI (Mech.) বা HS+ NCVT Voc. ট্রেনিংপ্রাপ্ত Skilled/ Fresher কর্মী চাই। ৭ দিনের মধ্যে CV পাঠান: info@aneer.net

□

### কর্মখালি

**Mutual Transfer চাই। Sub:** Upper Primary (Sanskrit) Phone: 85973-65298/93324-95037 Time: (6pm-10pm).

□

**A South Kolkata based Pharma-**ceutical distributor requires the following personnel for Accounts, Admin, Billing and Despatch. Email: creationmedicarepvtltd@gmail.com

□

**কলকাতাসহ সারা ভারতে ও বিদেশে** জাপা রান্না বাচ্চা/পেশেন্ট দেখা ও ঘরোয়া কাজে M/F চাই। 13K-2L/- থাকা+খাওয়া। 70591-66264/ 90515-22914.

□

**দক্ষিণ কলকাতায় অধ্যাপক (স্বামী-স্ত্রী)** গৃহে ফুল-টাইম শিক্ষিতা মধ্যবয়সী মহিলা কর্মী প্রয়োজন। থাকা, খাওয়া সহ বেতন। M-98305-60039, 86970-00791.

□

**Project BOOKS.COM@ Part** Time স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ করে 6K সপ্তাহে আয় 62911-59330, 94335-61720.

□

**Experienced DMLT trained lab** assistant needed. Contact 79808-93814.

□

**Wanted Qualified Primary** (Graduate), Physics (PGT) & SST (PGT) teachers. Send CV: sevaprashasan@gmail.com, Post: Amrita Vidyalayam, B.B.T Rd, Sarkarpool P.O., Kol-700143 latest by 31st March 2026.

□

**Need Sales Men for a reputed** company in Kolkata. RG Stainless Engineers Ltd 22, Strand Road Kol-1. Send Bio-Data. M/Wapp-93319-47904.

□

### কর্মখালি

**Sales/ Marketing base Retd/** VRS/ Businessman/ Fresher/ গৃহবধূদের part time কাজ full time benefits Location-Barasat. HS+ 82820-17460.

□

**T.C Peon স্টোরকিপার, Mngr,** রিসেপশনিস্ট, সুপারভাইজার, ক্যাশিয়ার, প্যাকিং-এর জন্য M/F চাই বেতন: 16K-35K OT সহ ESI PF বালাজী এন্টারপ্রাইস 90513-53006.

□

**Looking for experienced** candidate to organise & execute group tours. Pls write to us with biodata & expected salary at gsen.rbav@gmail.com

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৪ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৫ এপ্রিলের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১১ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**মহারাষ্ট্রের পুনেতে Dutta Control** Co.-তে 12 জন 11th পাস করা প্রার্থী প্রয়োজন। Gross Salary: 24,000 p.m. থাকার ব্যবস্থা ফ্রী। প্রতিদিন 11 ঘন্টা কাজ। সপ্তাহে 1 দিন ছুটি। M: 93710-09195 (সকাল 10টা থেকে বিকেল 5টা)।

□

**Walk-in Interview- Immediate** Hiring Bodhisukha School, We are hiring passionate educators for PGT and TGT for the following subjects: Physics, Chemistry, Biology, Psychology, Mathematics, Biology, Computer Science Special Educator Primary Teacher with D.El.Ed Venue: Bodhisukha School, Kathor, Badu, Barasat, Kolkata. Date: 6th April 2026, Time: 11:00 AM-4:00 PM, Contact: 98748-90031/79987-50645 Bring your resume and attend the interview, Note: PGT (Physics, Chemistry, Biology & Mathematics) candidates should be capable of guiding JEE & NEET aspirants.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# হাইড্রোপোনিক কৃষি-পদ্ধতি

*প্রথম পাতার পর*

অন্য পেশাজীবী বা বেকার তরুণ-তরুণী অথবা অবসরপ্রাপ্তরাও এই বিকল্প চাষ শুরু করতে পারেন নিজের বাড়িতেই। বিভিন্ন শাক-সবজি, দানাশস্য, ফুল-ফল, ভেষজ গাছ হাইড্রোপোনিক পদ্ধতিতে চাষ করা যায়।

এই চাষে অতিবৃষ্টি বা খরায় ফসল নষ্ট হওয়ার ভয় নেই। রোগপোকা নিয়ন্ত্রণ করা যায়। এই চাষপদ্ধতিতে বাণিজ্যিক ভাবে ফসল ফলানো সম্ভব।

## হাইড্রোপোনিক চাষের পদ্ধতি

হাইড্রোপোনিক পদ্ধতির দু'টি প্রকার। সলিউশন কালচার এবং মিডিয়াম কালচার। সলিউশন কালচারের জন্য প্রয়োজন জল। এতে মাটি বা ভার্মিকম্পোস্ট অর্থাৎ কঠিন বস্তু ব্যবহার করা হয় না, শুধুমাত্র পুষ্টি-মিশ্রণ ব্যবহার করা হয়। মিডিয়াম কালচারে উদ্ভিদের শিকড়কে ধরে রাখার জন্য দেওয়া হয় বালি, পাথরের টুকরো, নারকেলের ছোবড়ার আঁশ, ধানের তুষ, বাদামের খোসা ইত্যাদি। এখানেও মাটির প্রয়োজন হয় না। চাইলে বাড়ির ছাদে কিংবা উঠোনে এই পদ্ধতিতে চাষ করা যায়, ছোট-বড় আকারে।

ক্রমশ চাষের এই পদ্ধতির সঙ্গে পরিচিত হচ্ছে আমাদের দেশ, আমাদের রাজ্য। বেকার তরুণ-তরুণীরা স্বনির্ভর হতে চাইলে এই পদ্ধতিতে কৃষিকাজের কথাও ভাবতে পারেন। জমির প্রয়োজন নেই। প্রয়োজন কেবল প্রশিক্ষণ ও পুঁজির।

## প্রশিক্ষণ পাওয়া যাবে

হাইড্রোপোনিক পদ্ধতিতে কৃষিকাজ শুরু করার আগে বিষয়টি সম্পর্কে ধারণা তৈরি করে নেওয়া যেতে পারে। সেই সুযোগ করে দিচ্ছে ইনদওরের 'উই হাইড্রোপনিক্স' সংস্থা। হাইড্রোপোনিক চাষ সম্পর্কে এক ঘণ্টার অনলাইন কোর্স করায় এই সংস্থা। খরচ ৪০০ টাকা। প্রশিক্ষণ নেওয়ার পর কীভাবে মার্কেটিং করতে হবে সেই সম্পর্কেও অনলাইন কোর্স করা যায় এই সংস্থায়। এই কোর্স হাইড্রোপোনিক কৃষি-পদ্ধতি সম্পর্কে একটা ধারণা গড়ে দেবে। কোর্স সম্পর্কে বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.wehydroponics.com

হাতে-কলমে হাইড্রোপোনিক কৃষির বিশদ প্রশিক্ষণ নেওয়া যেতে পারে উত্তর প্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজিতে। এই প্রতিষ্ঠানে হাইড্রোপোনিক কৃষি-পদ্ধতি সংক্রান্ত একটি কোর্স করানো হবে ১৩ এপ্রিল থেকে ২৫ এপ্রিল। প্রতিদিন ক্লাস সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত। কোর্সটির নাম কমার্শিয়াল হাইড্রোপোনিক। প্রথম সপ্তাহে ক্লাস হবে অনলাইন, দ্বিতীয় সপ্তাহে হবে অফলাইন প্রশিক্ষণ। পড়ানোর মাধ্যম হিন্দি ও ইংরেজি। প্রশিক্ষণ নেওয়ার জন্য বয়সের কোনও বাধানিষেধ নেই। পুরুষ, মহিলা উভয়ই ভর্তির জন্য আবেদন করতে পারেন। প্রশিক্ষণের খরচ ৩৪,৩০৪ টাকা। শিক্ষার্থীদের হোস্টেলে থাকার সুবিধা আছে। আগ্রহীরা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (https://iht.edu.in) গিয়ে প্রয়োজনীয় নথি সহ অনলাইন আবেদন করতে পারেন।

এই পদ্ধতিতে চাষ পরিবেশবান্ধব, তাই চাষ ও ব্যবসার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক ঋণ পাওয়ার সুযোগ আছে। আরও ভালো হয় যদি ৫ বা ১০ জনের গোষ্ঠী তৈরি করে চাষ করা যায়। স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা এই ভাবে চাষের কথা ভাবতে পারেন।

# ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ২৪০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নিয়ে পূরণ করবেন যথাযথ ভাবে।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓৩ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। একটি ফটো গেজেটেড অফিসার বা আইটিআই প্রিন্সিপাল কর্তৃক প্রত্যয়িত করে আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। বাকি দু' কপি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
✓এনসিসি বা খেলাধুলায় অংশগ্রহণের প্রত্যয়িত সার্টিফিকেট (থাকলে)।
✓কাস্ট বা ওবিসি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓আর্মড ফোর্সেস পার্সোনেল বা প্রাক্তন সমরকর্মীর সন্তানদের ক্ষেত্রে, প্রয়োজনীয় সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত ক্যারেক্টার সার্টিফিকেটের নকল।
✓আধার এবং প্যান কার্ডের প্রত্যয়িত নকল।

৩ এপ্রিলের মধ্যে ডাকে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Admiral Superintendent (for Officer-in-Charge ATS), Apprentices Training School, Naval Ship Repair Yard, Naval Base, Kochi-682004.

*আবেদনপত্রের বয়ান*

**APPLICATION FORMAT**

**Regn No:** ☐
**(for Office use only)**

**ENROLLMENT OF DESIGNATED TRADE APPRENTICES UNDER APPRENTICESHIP ACT (1961)**
**APPRENTICE TRAINING SCHOOL, NAVAL SHIP REPAIR YARD**
**KOCHI – 682004**

**Affix latest colour Photo here (Attested by Gazetted Officer or ITI Principal**

1. Trade applied for: ____________
2. Name of Applicant: ____________
   (As per SSC/Matric Certificate)
3. Sex Male ☐ Female ☐
4. Father's Name (As per SSC/Matric Certificate): ____________
5. Date of Birth (As per SSC/Matric Certificate): ____________
6. Educational/ Professional Qualifications

| Examination Passed | Year of Passing | Max Marks | Marks obtained | % of marks |
|---|---|---|---|---|
| SSC/Matriculation | | | | |
| ITI (Theory) | | | | |
| ITI (Practical) | | | | |

7. Name of the ITI with Address: ____________
8. Category of Community: SC ☐ ST ☐ OBC ☐ GEN ☐
9. Whether Physically Challenged Yes ☐ No ☐
10. Whether son/daughter of Armed Forces Personnel/Ex-serviceman Yes ☐ No ☐
11. Whether son/daughter of Defence Civilian/Naval Dockyard Employees Yes ☐ No ☐
12. Address for Correspondence; ____________
    ____________
    PIN ____________
13. Mobile/Landline No. with code: ____________
    Father's Mobile Number: ____________
    Mother's Mobile Number: ____________
14. Nearest Railway Station: ____________
15. Active e-mail ID of candidates (compulsory): ____________

I hereby solemnly and sincerely affirm that the particulars furnished above are true and correct

**Date:** ..................

**Signature of the Applicant**

# সরকারি টাঁকশালে চাকরি

বিভিন্ন পদে ৭৪ জনকে নেবে নয়ডার ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট। এটি কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের অধীনস্থ সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অব ইন্ডিয়ার একটি ইউনিট। প্রার্থীদের কলকাতা, মুম্বই, হায়দরাবাদ ও নয়ডায় সংস্থার অফিসে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IGMN-01/2026.

**শূন্যপদের বিন্যাস: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট:** ১৩টি। **বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২১,৫৪০-৭৭,১৬০ টাকা। **জুনিয়র বুলিয়ন অ্যাসিস্ট্যান্ট:** ৫টি। **বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২১,৫৪০-৭৭,১৬০ টাকা। **জুনিয়র টেকনিশিয়ান (ফিটার):** ৪৭টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। **জুনিয়র টেকনিশিয়ান (টার্নার):** ৯টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

দরখাস্তের শেষ তারিখ ২৭ এপ্রিল।

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: https://igmnoida.spmcil.com

# ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে ২৪৩

*প্রথম পাতার পর*

বয়স: ৩১-৩-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NIC/SCB/2026/1.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.nic.in দরখাস্তের শেষ তারিখ ২৪ এপ্রিল।

প্রার্থী বাছাই ও দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.nic.gov.in

# নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স

*প্রথম পাতার পর*

পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: লাইফ সায়েন্স (৫০ নম্বর), ফিজিক্যাল সায়েন্স (২৫ নম্বর), বেসিক ইংলিশ (১৫ নম্বর), ম্যাথমেটিক্স (১০ নম্বর), জেনারেল নলেজ (১০ নম্বর) এবং লজিক্যাল রিজনিং (৫ নম্বর)। মোট নম্বর ১১৫। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা নেওয়া হবে দুপুর ১২টা থেকে দেড়টা পর্যন্ত।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৯ এপ্রিল। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৪০০ টাকা (তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর এবং অনাথ প্রার্থীদের ক্ষেত্রে ৩০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা কিউ আর কোড বা ইউ পি আইয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনপত্র সংশোধন করা যাবে ২১ থেকে ২৩ এপ্রিল পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সশস্ত্র সীমা বলে ১২৭

*প্রথম পাতার পর*

হওয়ার সম্ভাবনা রয়েছে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 524/RC/SSB/Combined Advt./CT to SI (Non-GD)/2025.

**শূন্যপদের বিবরণ: হেড কনস্টেবল: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। বায়োলজি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। সেই সঙ্গে অন্তত ১ বছর মেয়াদের ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। কোনও ল্যাবরেটরি ডায়াগনস্টিক সেন্টার বা হাসপাতাল বা স্বীকৃত ল্যাবরেটরিতে ল্যাব অ্যাসিস্ট্যান্ট হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফিজিয়োথেরাপি অ্যাসিস্ট্যান্ট:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে ফিজিয়োথেরাপিতে অন্তত ১ বছরের সার্টিফিকেট কোর্স করে অন্তত ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল বা কোনও ফিজিয়োথেরাপি সেন্টারে ফিজিয়োথেরাপি অ্যাসিস্ট্যান্ট হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**কনস্টেবল: নার্সিং অ্যাসিস্ট্যান্ট কাম মেডিক:** ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সেন্ট জনস অ্যাম্বুলেন্স অর্গানাইজেশন বা রেড ক্রস সোসাইটি অব ইন্ডিয়া থেকে ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স করে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট কোনও হাসপাতালে নার্সিং অ্যাসিস্ট্যান্ট হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**সাব-ইনস্পেক্টর: স্টাফ নার্স:** ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। ২০১৫-১৬ সালের পরে যাঁরা ডিপ্লোমা কোর্স করেছেন, তাঁদের ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। পাশাপাশি, সেন্ট্রাল নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম জেনারেল নার্স অ্যান্ড মিড-ওয়াইফ হিসেবে নথিভুক্ত থাকতে হবে।

**পায়োনিয়ার:** ২১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

**কমিউনিকেশন:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা বি এসসি। সে ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

**বয়স:** ১৯-৪-২০২৬ তারিখে হেড কনস্টেবল ও কনস্টেবল পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে এবং সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা, কনস্টেবল পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা, সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**দৈহিক মাপজোক:** হেড কনস্টেবল, কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর (স্টাফ নার্স) পদের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৫ সেমি ও মহিলাদের ক্ষেত্রে ১৫৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৮ সেমি), চরম বামপন্থী অধ্যুষিত জেলার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫৮ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৭ সেমি), গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ সেমি।

সাব-ইনস্পেক্টর পদের পায়োনিয়ার ও কমিউনিকেশন বিভাগের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি ও মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি)।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, লিখিত পরীক্ষা ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার (মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিটে ৮০০ মিটার) দৌড়, কনস্টেবল পদের ক্ষেত্রে থাকবে ২৪ মিনিটে ৪.৮ কিলোমিটার (মহিলাদের ক্ষেত্রে ১৮ মিনিটে ২.৪ কিলোমিটার) দৌড়, সাব-ইনস্পেক্টর পদের কমিউনিকেশন বিভাগের ক্ষেত্রে থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার (মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিটে ৮০০ মিটার) দৌড়।

লিখিত পরীক্ষা হবে হেড কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ১৫০ নম্বরের (সময় ৩ ঘণ্টা), কনস্টেবল পদের ক্ষেত্রে ১০০ নম্বর (সময় ২ ঘণ্টা)। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, রিজনিং এবং জেনারেল ইংলিশ বা জেনারেল হিন্দি বিষয়ে। এ ছাড়াও হেড কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে প্রশ্ন হবে। হেড কনস্টেবল ও কনস্টেবল পদের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://recruitment.ssb.gov.in, https://ssb.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৯ এপ্রিল।

ফি বাবদ দিতে হবে হেড কনস্টেবল ও কনস্টেবলের ক্ষেত্রে ১০০ টাকা এবং সাব-ইনস্পেক্টরের ক্ষেত্রে ২০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে ইউপিআই বা নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। মহিলা প্রার্থী, তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

বিভিন্ন বিষয়ে ৩০ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে ডায়মন্ড হারবার উইমেনস ইউনিভার্সিটি। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DHWU/17/T/2026.

যাঁরা পূর্বে বিজ্ঞপ্তি নম্বর: DHWU/11/T/2018, DHWU/14/T/2020, DHWU/15/T/2021, DHWU/103/T/2023 অনুসারে আবেদন করেছেন, তাঁরা আর আবেদন করবেন না। তবে তাঁরা চাইলে, তাঁদের বায়োডেটা বা এপিআই স্কোরশিট আপডেট করতে পারেন।

নিয়োগ করা হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্স, হিস্ট্রি, এডুকেশন, বাংলা, ফিজিক্স, জিওগ্রাফি, ফিলোজফি, জুলজি, সংস্কৃত, কেমিস্ট্রি, উইমেনস স্টাডিজ, বটানি।

**শুরুতে বেতন:** প্রফেসর পদের ক্ষেত্রে ১,৪৪,২০০ টাকা, অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩১,৪০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৫৭,৭০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.dhwu.ac.in পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ দিতে হবে প্রফেসর ও অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ২,৫০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ২,০০০ টাকা) এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৫০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। এটি 'Diamond Harbour Women's University'-র অনুকূলে 'Sarisha'-তে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের দু' কপি স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত ২০ এপ্রিলের মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Registrar, Diamond Harbour Women's University, Diamond Harbour Road, Sarisha, South 24 Parganas, West Bengal-743368.

শিক্ষাগত যোগ্যতা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাষ্ট্রায়ত্ত সংস্থায় জুনিয়র এক্সিকিউটিভ

বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ৭৮ জন জুনিয়র এক্সিকিউটিভ নেবে ভারত আর্থ মুভার্স (বিইএমএল)। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ৪ বছর এবং অভিজ্ঞতা বিহীন প্রার্থীদের ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: KP/S/03/2026.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল/প্রোডাকশন/ইন্ডাস্ট্রিয়াল: জব কোড আর ০০১:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **জব কোড আর ০০২:** ৬টি (সাধারণ ৫, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা প্রোডাকশন বা ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ফ্রেশাররাও আবেদনের যোগ্য।

**ইলেক্ট্রিক্যাল: জব কোড আর ০০৩:** ২৭টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **জব কোড আর ০০৪:** ৬টি (সাধারণ ৫, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ফ্রেশাররাও আবেদনের যোগ্য।

**ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ইনস্ট্রুমেন্টেশন: জব কোড আর ০০৫:** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **জব কোড আর ০০৬:** ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ফ্রেশাররাও আবেদনের যোগ্য।

**বয়স:** ৭-৪-২০২৬ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৩৫,০০০ টাকা, ৩৭,৫০০ টাকা, ৪০,০০০ টাকা, ৪৩,০০০ টাকা।

ফ্রেশারদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নম্বর ৬০। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bemlindia.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৭ এপ্রিল পর্যন্ত।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# খড়কি হাই এক্সপ্লোসিভস ফ্যাক্টরিতে সুপারভাইজরি স্টাফ, অ্যাটেন্ড্যান্ট অপারেটর

*প্রথম পাতার পর*

(সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ওবিসি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডে এনসিভিটি (পূর্বতন এনসিটিভিটি) স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। আইএমসিপি, এমএমসিপি, এলএসিপি, প্রোসেস প্লান্ট অপারেটর, ফিটার জেনারেল, মেশিনিস্ট, টার্নার, শিট মেটাল ওয়ার্কার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, বয়লার অ্যাটেন্ড্যান্ট, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকলেও আবেদন করতে পারেন। মিলিটারি এক্সপ্লোসিভস কারখানায় প্রশিক্ষণ বা কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১০-৪-২০২৬ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতন: সুপারভাইজরি স্টাফ পদের ক্ষেত্রে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৩৬,০০০ টাকা, ৩৭,০৮০ টাকা, ৩৮,১৯২ টাকা, ৩৯,৩৩৮ টাকা। স্কিল্ড ওয়ার্কার পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ১৯,৯০০ টাকা। সঙ্গে মহার্ঘ ভাতা যুক্ত হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বর ও ট্রেড টেস্ট বা প্র্যাক্টিক্যাল টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://munitionsindia.in পূরণ করবেন যথাযথ ভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন। অপর ফটোটির পিছনে প্রার্থীর নাম ও জন্মতারিখ লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে ডিক্লারেশন (অ্যাপেন্ডিক্স-ওয়ান)।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF ________ (TENURE BASED SUPERVISORY STAFF/ SKILLED WORKER) ON CONTRACT BASIS' শূন্যস্থানে যে-পদের *জন্য দরখাস্ত করছেন, তার নাম লিখে দেবেন।*

১০ এপ্রিলের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে *এই ঠিকানায়:* The Chief General Manager, High Explosives Factory, Khadki, Pune, Maharashtra, Pin-411003.

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: https://munitionsindia.in

## ভান্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

কেমিক্যাল ট্রেডে ৩০ জন প্রোজেক্ট ইঞ্জিনিয়ার নেবে মহারাষ্ট্রের ভান্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরি। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। তবে কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ৩ বছর বৃদ্ধি করতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GA/Hire/GPE & DPE/153/01/BF.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা ডিপ্লোমা। অথবা বি এসসি পাশ, স্নাতকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। সেইসঙ্গে সব ক্ষেত্রেই প্রার্থীকে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে। **বয়স:** ১১-৪-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতন:** প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৩৬,০০০ টাকা, ৩৭,০৮০ টাকা, ৩৮,১৯২ টাকা, ৩৯,৩৩৮ টাকা।

দরখাস্তের শেষ তারিখ ১১ এপ্রিল।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://munitionsindia.in, https://ddpdoo.gov.in

বিজ্ঞাপন

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

**স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং**

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউটে স্বাস্থ্য পরিষেবা বা প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং হচ্ছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্যঃ **(1) Emergency Medical Technician (2) X-Ray Technician (3) Radiology Technician (4) Assistant Physiotherapist (5) GDA Advance (Asst. Nursing) (6) Yoga Therapy Assistant (7) Dietetic Aide (Diet Assistant) (8) Physical Rehabilitation Therapy।**

আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন ঃ কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর ঃ 9073943491/9073943497, মৌলালী ঃ 9874747039, বেলঘরিয়া ঃ 9073901228 ব্যারাকপুরঃ 9874644116, বাঘাযতীনঃ 9874644112, বারুইপুর ঃ 9073943497, হাওড়াঃ 9051013504, উলুবেরিয়া ঃ 9874673000, খড়গপুরঃ 9073915861, বনগাঁও ঃ 9874673000, চাঁদপাড়াঃ 9073943497, কোন্নগরঃ 7603095066, দুর্গাপুরঃ 9874747031, অশোকনগর ঃ 9874673000। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে।

Advt

# রাজ্যে ল্যাটেরাল এন্ট্রিতে ইঞ্জিনিয়ারিং,টেকনোলজি ও ফার্মাসির স্নাতক কোর্স

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে ল্যাটেরাল এন্ট্রিতে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি ও ফার্মাসির স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা-'জিলেট ২০২৬' আয়োজিত হবে ১৩ জুন। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। প্রার্থীকে অবশ্যই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজিতে ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুকদের ক্ষেত্রে অন্তত ৪৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির যে-কোনও শাখায় ডিপ্লোমা অথবা বি এসসি পাশ। বি ভোক বা ডি ভোক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। বি এসসি পাঠরতদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। ফার্মাসির ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুকদের ক্ষেত্রে অন্তত ৪৫ শতাংশ (তফসিল, ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ ফার্মাসিতে ডিপ্লোমা।

**বয়স:** বি এসসি ও বি ভোক উত্তীর্ণদের ক্ষেত্রে ৩১-১২-২০২৬ তারিখে ২৭ বছর, মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে ২৫ বছরের মধ্যে হতে হবে। অন্যান্য বিষয়ের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

## প্রবেশিকা পরীক্ষা ১৩ জুন

পরীক্ষা হবে দু'টি পেপারে। ইঞ্জিনিয়ারিং, টেকনোলজিতে ডিপ্লোমা, বি এসসি ও বি ভোক বা ডি ভোক পাশ প্রার্থীরা পরীক্ষা দেবেন পেপার-ওয়ানের জন্য এবং ফার্মাসিতে ডিপ্লোমা পাশ প্রার্থীরা পরীক্ষা দেবেন পেপার-টুয়ের জন্য। উভয় পত্রেই ১০০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: ফিজিক্স, ম্যাথমেটিক্স, কেমিস্ট্রি এবং ফান্ডামেন্টালস অব ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা নেওয়া হবে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৫ জুন থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৬ এপ্রিল।

দরখাস্তের সময় কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে এইসব নথি: প্রার্থীর রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), প্রয়োজনীয় নথিপত্র (পি ডি এফ ফর্ম্যাটে, ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা, মহিলাদের ক্ষেত্রে ৪০০ টাকা এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৩০০ টাকা। তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৪০০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৩০০ টাকা ও ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট বা নেট ব্যাঙ্কিং বা ইউপিআই বা কিউ আর কোডের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# টাটা গোষ্ঠীর বিভিন্ন হোটেলে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি:** দেশ জুড়ে টাটা গোষ্ঠীর বিভিন্ন হোটেলে নানা বিভাগে অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দেবে টাটা গোষ্ঠীর সংস্থা ইন্ডিয়ান হোটেলস কোম্পানি লিমিটেড (আইএইচসিএল)।

উল্লেখ্য, দেশে-বিদেশে ৫৭০টি হোটেল রয়েছে টাটা গোষ্ঠীর।

দেশের মধ্যে টাটা-র হোটেলগুলির ফ্রন্ট অফিস, হাউসকিপিং, ফুড অ্যান্ড বেভারেজেস, ফুড প্রোডাকশন বিভাগে অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট-১৯৬১ অনুসারে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষিতরা আইএইচসিএলের আওতাধীন হোটেলগুলি-সহ বিভিন্ন হোটেলে চাকরির জন্য আবেদন করতে পারবেন।

অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়ার জন্য ফি লাগবে না। সংস্থার তরফে জানানো হয়েছে, সংশ্লিষ্ট কাজে পূর্ব-অভিজ্ঞতা থাকার দরকার নেই।

গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েটরা ফ্রন্ট অফিসে এবং অন্তত উচ্চ মাধ্যমিকরা হাউসকিপিং, ফুড অ্যান্ড বেভারেজেস ও ফুড প্রোডাকশন বিভাগে অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ নিতে পারবেন।

আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.ihcltata.com/careers ড্যাশবোর্ডে 'কেরিয়ার' সংলগ্ন 'অ্যাপ্লাই নাউ'-এ ক্লিক করবেন। এর পরে 'সার্চ জবস'-এর ঘরে 'Apprentice' লিখবেন।

কোন হোটেলের কোন বিভাগে ট্রেনিং আয়োজিত হবে তার তালিকা ও সঙ্গে অনলাইন আবেদনের লিঙ্ক পাবেন।

# স্কলারশিপের খোঁজখবর

## নোকিয়া ফাউন্ডেশন স্কলারশিপ ২০২৬

ফিনল্যান্ডের কোনও বিশ্ববিদ্যালয়ে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে পি এইচ ডি পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে নোকিয়া ফাউন্ডেশন।

**স্কলারশিপের পরিমাণ:** ৭,৫০০ ইউরো।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NKSP2 আবেদনের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর।

## কিরণ প্রতিভা স্কলারশিপস ২০২৬

অষ্টম শ্রেণি পাশ মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কিরণ ফাউন্ডেশন। স্কলারশিপ বাবদ টিউশন ফি ও অন্যান্য খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীর বয়স হতে হবে অন্তত ১৪ বছর। মাসিক পারিবারিক আয় হতে হবে ২০,০০০ টাকার নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KRPS1 আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

## ন্যাশনাল রিনিউয়েবল এনার্জি ফেলোশিপ স্কিম ২০২৬-২৭

রিনিউয়েবল এনার্জি টেকনোলজি বিষয়ে এম এসসি, এম টেক ও পিএইচডি পাঠরতদের ফেলোশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের নিউ অ্যান্ড রিনিউয়েবল এনার্জি মন্ত্রক।

**ফেলোশিপের পরিমাণ:** মাস প্রতি ৬৭,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NREF1 আবেদন করা যাবে ১০ এপ্রিল পর্যন্ত।

## আই সি পি সি ইন্টার্নশিপ প্রোগ্রাম ২০২৫

স্নাতক কোর্সের সমাপ্তি বর্ষ বা তার আগের বর্ষে পাঠরত ছাত্রছাত্রীদের ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে পলিসি, পলিটিক্স অ্যান্ড গভর্ন্যান্স ফাউন্ডেশন।

**স্টাইপেন্ডের পরিমাণ:** প্রতি মাসে ৫,০০০ টাকা।

আবেদন করা যায় সারা বছরই। আগ্রহীরা অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/ICPI1

## নুটানিক্স নেক্সটজেন ইনোভেটর্স স্কলারশিপ ২০২৬

কম্পিউটার সায়েন্স বা সমতুল শাখায় স্নাতক কোর্সের তৃতীয় বা চতুর্থ বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে নুটানিক্স।

**স্কলারশিপের পরিমাণ:** ২,৫০০ আমেরিকান ডলার।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NINS1 আবেদনের শেষ তারিখ ৩১ মে।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

# নিখরচায় জেলায় জেলায় রামকৃষ্ণ মিশনে ভারত সরকার স্বীকৃত বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** নিখরচায় রাজ্যের বিভিন্ন জেলায় স্বল্পমেয়াদি একগুচ্ছ হাতের কাজের প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ও ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্টের সহায়তায় প্রশিক্ষণ দেওয়া হবে রামকৃষ্ণ মিশনের বিভিন্ন উপকেন্দ্রে। পুরুষ-মহিলা নির্বিশেষে প্রশিক্ষণ নিতে পারেন। শিক্ষাগত যোগ্যতার কড়াকড়ি নেই। তবে অন্তত ক্লাস এইট পাশ হলে প্রশিক্ষণ নেওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাওয়া যাবে। বয়স হতে হবে ১৮ থেকে ৫০ বছরের মধ্যে।

ট্রেনিংয়ের জন্য কোনও খরচ নেই। প্রশিক্ষিতরা ভারত সরকার স্বীকৃত সার্টিফিকেট পাবেন। রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরের তরফে জানানো হয়েছে, প্রশিক্ষণ নেওয়ার পর ব্যবসার জন্য প্রয়োজনে ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার ব্যাপারে প্রতিষ্ঠান থেকে সহায়তা পাওয়া যাবে।

## প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ এবং প্রশিক্ষণ কেন্দ্র:

১) **জেনারেল ইডিপি তথা এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম:** প্রশিক্ষণের মেয়াদ ৬০ ঘণ্টা। প্রশিক্ষণ কেন্দ্র: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষা মন্দির, বেলুড় মঠ, হাওড়া। ফোন: (০৩৩)২৬৫৪-৮৯০৮/৮৯০৯।

২) **ফাস্ট ফুড তৈরির ক্ষুদ্র উদ্যোক্তার প্রশিক্ষণ:** ৯০ ঘণ্টার প্রশিক্ষণ। প্রশিক্ষণ কেন্দ্র: নাসিগ্রাম শ্রীরামকৃষ্ণ আশ্রম, নাসিগ্রাম, পূর্ব বর্ধমান। ফোন: ৯৪৭৫১-২৫৭০২।

৩) **মাশরুম চাষ:** প্রশিক্ষণের মেয়াদ ৯০ ঘণ্টা। প্রশিক্ষণ কেন্দ্র: ক) মা সারদা স্বনির্ভর দল, ডুমুরদহ, বলাগড়, হুগলি। ফোন: ৭৬০২৬-০৬৭৬৯, ৮০১৬০-১৩০৬৪। খ) মোহাটি বিবেকানন্দ সেবা সংঘ, মোহাটি, খেজুরি, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৩২৫-৪৬৬৭৩। গ) কোতুলপুর শ্রীমা সার্বিক পল্লীমঙ্গল, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১। ঘ) স্বামীজী সর্বোদয় সংঘ, বিরুলিয়া, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৭৫৫-১৫৫৩০। ঙ) আহাড়রা বিবেকানন্দ যুব সংঘ, আহাড়রা, আরষা, পুরুলিয়া। ফোন: ৭৯০৮০-০৩৫৮৭, ৯৯৩২৪-৮৯৬৩৮।

৪) **সবজির চাষ ও নার্সারি ব্যবস্থাপনা:** প্রশিক্ষণের মেয়াদ ৯০ ঘণ্টা। প্রশিক্ষণ কেন্দ্র: ক) বেলপুকুর শ্রীশ্রীরামকৃষ্ণ পাঠচক্র, বেলপুকুর, শ্যামপুর, হাওড়া। ফোন: ৯৭৩২৬-৮১৪২৯, ৯৪৭৪৩-৯৪৮১৪। খ) বিবেকানন্দ মানব কল্যাণ সোসাইটি, গোলাহাট, চকবামনগরিয়া, পূর্ব বর্ধমান। ফোন: ৯০০২৯-৬০৯৫০। গ) কোতুলপুর শ্রীমা সার্বিক পল্লীমঙ্গল, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১। ঘ) মোহাটি বিবেকানন্দ সেবা সংঘ, মোহাটি, খেজুরি, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৩২৫-৪৬৬৭৩। ঙ) শিয়ালডাঙ্গা সংগ্রামী সংঘ, শিয়ালডাঙ্গা, জগৎবল্লভপুর, হাওড়া। ফোন: ৮৯৬৭০-০৩৮৪০।

৫) **মোমবাতি তৈরি:** ৯০ ঘণ্টার প্রশিক্ষণ। প্রশিক্ষণ কেন্দ্র: ক) বেলপুকুর শ্রীশ্রীরামকৃষ্ণ পাঠচক্র, বেলপুকুর, শ্যামপুর, হাওড়া। ফোন: ৯৭৩২৬-৮১৪২৯, ৯৪৭৪৩-৯৪৮১৪। খ) নবগ্রাম স্বামী বিবেকানন্দ সেবাশ্রম, নবগ্রাম, শ্যামপুর, হাওড়া। ফোন: ৯০৯৩৭-৬৭৬৯৭। গ) মাজু আলোর দিশারী বহুমুখী মহিলা সংঘ প্রাথমিক সমবায় সমিতি লিমিটেড, মাজু, জগৎবল্লভপুর, হাওড়া। ফোন: ৬২৯১০-০১৮৬০।

৬) **ধূপকাঠি তৈরি:** ৯০ ঘণ্টার প্রশিক্ষণ। প্রশিক্ষণ কেন্দ্র: ক) মাজু আলোর দিশারী বহুমুখী মহিলা সংঘ প্রাথমিক সমবায় সমিতি লিমিটেড, মাজু, জগৎবল্লভপুর, হাওড়া। ফোন: ৬২৯১০-০১৮৬০। খ) গুড়াপ নবজাগরণ মহিলা সমবায় সমিতি। গুড়াপ, ধনেখালি, হুগলি। ফোন: ৮৯৬৭৬-৭৪৫০৫।

৭) **ব্যবসার লক্ষ্যে ফুলের চাষ:** মেয়াদ ১০৫ ঘণ্টা। প্রশিক্ষণ কেন্দ্র: কোতুলপুর শ্রীমা সার্বিক পল্লীমঙ্গল, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১।

৮) **কৃষি উদ্যমী:** মেয়াদ ১০৫ ঘণ্টা। বিবেকানন্দ মানব কল্যাণ সোসাইটি, গোলাহাট, চকবামনগরিয়া, পূর্ব বর্ধমান। ফোন: ৯০০২৯-৬০৯৫০।

৯) **বাণিজ্যিক উদ্যানপালন:** মেয়াদ ১০৫ ঘণ্টা। মোহাটি বিবেকানন্দ সেবা সংঘ, মোহাটি, খেজুরি, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৩২৫-৪৬৬৭৩।

১০) **পাটের ব্যবসাযোগ্য সামগ্রী তৈরি:** মেয়াদ ১০৫ ঘণ্টা। প্রশিক্ষণ কেন্দ্র: ক) বিবেকানন্দ মানব কল্যাণ সোসাইটি, গোলাহাট, চকবামনগরিয়া, পূর্ব বর্ধমান। ফোন: ৯০০২৯-৬০৯৫০। খ) শিয়ালডাঙ্গা সংগ্রামী সংঘ, শিয়ালডাঙ্গা, জগৎবল্লভপুর, হাওড়া। ফোন: ৮৯৬৭০-০৩৮৪০।

১১) **সৃজনশীল গয়না তৈরি:** ১০৫ ঘণ্টার প্রশিক্ষণ: ক) নবগ্রাম স্বামী বিবেকানন্দ সেবাশ্রম, নবগ্রাম, শ্যামপুর, হাওড়া। ফোন: ৯০৯৩৭-৬৭৬৯৭। খ) আহাড়রা বিবেকানন্দ যুব সংঘ, আহাড়রা, আরষা পুরুলিয়া। ফোন: ৭৯০৮০-০৩৫৮৭, ৯৯৩২৪-৮৯৬৩৮।

১২) **সফট টয় তৈরি ও তার ব্যবসা:** ১০৫ ঘণ্টার প্রশিক্ষণ। প্রশিক্ষণ কেন্দ্র: ক) দক্ষিণ চাতরা শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ সেবাশ্রম, দক্ষিণ চাতরা, উত্তর ২৪ পরগনা। ফোন: ৯১৫৩৪-৯৯৯৪২। খ) গুড়াপ নবজাগরণ মহিলা সমবায় সমিতি। গুড়াপ, ধনেখালি, হুগলি। ফোন: ৮৯৬৭৬-৭৪৫০৫।

১৩) **মহিলাদের পোশাক তৈরি:** শুধু মহিলারা এই প্রশিক্ষণ নিতে পারেন। ২৪০ ঘণ্টার প্রশিক্ষণ। প্রশিক্ষণ কেন্দ্র: ক) কোতুলপুর শ্রীমা সার্বিক পল্লীমঙ্গল, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১। খ) আহাড়রা বিবেকানন্দ যুব সংঘ, আহাড়রা, আরষা পুরুলিয়া। ফোন: ৭৯০৮০-০৩৫৮৭, ৯৯৩২৪-৮৯৬৩৮।

১৪) **বিউটি পার্লার:** শুধু মহিলাদের জন্য এই প্রশিক্ষণ। মেয়াদ ২৭০ ঘণ্টা। প্রশিক্ষণের কেন্দ্র: ক) কোতুলপুর শ্রীমা সার্বিক পল্লীমঙ্গল, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১। খ) আহাড়রা বিবেকানন্দ যুব সংঘ, আহাড়রা, আরষা পুরুলিয়া। ফোন: ৭৯০৮০-০৩৫৮৭, ৯৯৩২৪-৮৯৬৩৮।

প্রশিক্ষণ নিতে আগ্রহীরা, সাদা কাগজে লেখা বায়োডেটা-সহ আবেদনপত্র যে-প্রশিক্ষণ কেন্দ্রে ট্রেনিং নিতে ইচ্ছুক সেখানে, অথবা রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরে (ঠিকানা বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২) জমা দেবেন। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ৩০ এপ্রিল। রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরের সঙ্গে যোগাযোগের নম্বর: (০৩৩)২৬৫৪-৮৯০৮/৮৯০৯। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: https://www.rkmsssm.org/sdi-programme/

# কী পড়বেন, কোথায় পড়বেন

## বায়োটেকনোলজি অ্যান্ড বায়োইনফর্মেটিক্স ও বিগ ডেটা বায়োলজির এম এসসি কোর্সে ভর্তি



বায়োটেকনোলজি অ্যান্ড বায়োইনফর্মেটিক্স ও বিগ ডেটা বায়োলজির এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে ইনস্টিটিউট অব বায়োইনফর্মেটিক্স অ্যান্ড অ্যাপ্লায়েড বায়োলজি। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর। কোর্সগুলি শুরু হবে জুলাইয়ে।

শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্সেস (বটানি, ইকোলজি, এনভায়রনমেন্টাল বায়োলজি, জেনারেল লাইফ সায়েন্সেস, জেনেটিক্স, হিউম্যান বায়োলজি, জুলজি), বায়োইনফর্মেটিক্স, বায়োটেকনোলজি, কেমিস্ট্রি, ফিজিক্স, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, এগ্রিকালচার, ইঞ্জিনিয়ারিং, ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস, ফার্মাসি ও ভেটেরিনারি সায়েন্সেস-এর মধ্যে যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীকে অবশ্যই মোট অন্তত ৫০ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল সেমেস্টারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।

কিছু সংখ্যক প্রার্থী স্কলারশিপ পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৭ মে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.ibab.ac.in আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

## অনলাইনে ডেটা সায়েন্স এবং কৃত্রিম মেধায় বি এসসি ডিগ্রি

**নিজস্ব প্রতিনিধি:** উচ্চ মাধ্যমিক পাশ করার পর অনলাইনে ডেটা সায়েন্স এবং কৃত্রিম মেধা নিয়ে বি এসসি করা যাবে গুয়াহাটির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজিতে (আইআইটি)। চার বছরের পাঠক্রম। বছরে তিনটি পরীক্ষা দিতে হবে। এই কোর্সে মাল্টিপল এন্ট্রি ও এক্সিট, দুই ধরনের বিকল্পই থাকছে। অর্থাৎ শিক্ষার্থীরা যে-কোনও বছরে কোর্সের পড়াশোনা সম্পূর্ণ করতে পারবেন। ছাত্রছাত্রীদের পাশাপাশি কর্মরতরাও এই কোর্সে ভর্তি হতে পারবেন।

**কোর্সের নাম:** অনলাইন বি এসসি (অনার্স) ইন ডেটা সায়েন্স অ্যান্ড এআই।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। উচ্চ মাধ্যমিকে অঙ্ক পড়ে থাকতে হবে।

**আবেদন করার শেষ দিন:** ৩০ এপ্রিল। **আবেদনের ফি:** ১,০০০ টাকা। **ক্লাস শুরু:** ৭ সেপ্টেম্বর থেকে। **আবেদন করার পদ্ধতি:** অনলাইন আবেদন করতে হবে প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iitg.ac.in/oes/odp/

**ভর্তির পদ্ধতি:** প্রার্থী বাছাই করা হবে একটি পরীক্ষার মাধ্যমে। তবে, যাঁরা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন অ্যাডভান্সড দিচ্ছেন, তাঁরা এই পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরাসরি ভর্তি হতে পারবেন।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সমাজসেবায় এমএসডব্লিউ দুর্গাপুরের এনআইটি-তে



**নিজস্ব প্রতিনিধি:** সমাজসেবা বা সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি (এমএসডব্লিউ) কোর্স পড়া যাবে দুর্গাপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে। দু' বছরের কোর্স। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভর্তি নেওয়া হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। আসনসংখ্যা ১৫।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ নম্বর সহ যে-কোনও বিষয়ে স্নাতক।

**কোর্স ফি:** ১ লক্ষ ১৫ হাজার টাকা।

**আবেদন করার শেষ তারিখ:** ১৩ মে।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করা যাবে দুর্গাপুর এনআইটি-র এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nitdgp.ac.in/ আবেদনের ফি ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## উচ্চ মাধ্যমিকের পর বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** উচ্চ মাধ্যমিকের পর রাজীব গান্ধী ইনস্টিটিউট অব পেট্রোলিয়াম টেকনোলজিতে পড়া যাবে ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ) কোর্স। যাঁরা স্কুলের গণ্ডি পার হয়ে পেশাভিত্তিক পড়াশোনা করতে চাইছেন, এই কোর্স তাঁদের জন্য উপযুক্ত। বেঙ্গালুরু ক্যাম্পাসে পড়ানো হবে।

জাতীয় শিক্ষানীতি অনুযায়ী ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটির পাঠ্যক্রম তৈরি করা হয়েছে। কোর্সটির মেয়াদ ৩ বছর। আসনসংখ্যা ৬০। ভর্তি নেওয়া হবে প্রবেশিকা পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে, যাঁরা জয়েন্ট ইন্টিগ্রেটেড প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট (জেআইপিএমএটি) বা কমন ইউনিভার্সিটি এন্ট্রান্স টেস্ট আন্ডার গ্র্যাজুয়েট (কুয়েট ইউজি) পাশ করেছেন, তাঁদের সরাসরি ইন্টারভিউয়ে ডাকা হবে।

আবেদন করার জন্য অন্তত ৬০ শতাংশ নম্বর সহ উচ্চ মাধ্যমিক কিংবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। আবেদন করার শেষ তারিখ ১০ এপ্রিল। পরীক্ষা ১২ এপ্রিল। পরীক্ষায় উত্তীর্ণদের ইন্টারভিউ ১৭ এপ্রিল।

চূড়ান্ত প্রার্থী বাছাই তালিকা ২৯ এপ্রিল প্রকাশিত হবে। আগ্রহীরা অনলাইন আবেদন করতে পারেন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rgipt.ac.in/ খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

## উচ্চ মাধ্যমিকের পর মেয়েদের জন্য উইমেনস পলিটেকনিকে অফিস ম্যানেজমেন্ট কোর্স




**নিজস্ব প্রতিনিধি:** পলিটেকনিকের অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স, ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট পড়ানো হয় কলকাতার যোধপুর পার্কে উইমেনস পলিটেকনিক কলেজে। যাঁরা উচ্চ মাধ্যমিকের পর চাকরিমুখী পড়াশোনা করতে চাইছেন বা কলেজের গণ্ডি পেরিয়ে কাজ পেতে চাইছেন, তাঁদের জন্য উপযুক্ত এই কোর্সটি। এআইসিটিই অনুমোদিত এই ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন শুধুমাত্র মেয়েরা।

### কী পড়বেন

ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সে অফিসের কাজ পরিচালনা সংক্রান্ত যাবতীয় খুঁটিনাটি বিষয় শেখানো হয়। ৩ বছরের কোর্সটি ৬টি সেমেস্টারে বিভক্ত। পঠনপাঠনের অন্তর্ভুক্ত বিষয়গুলি হল: ফিনান্স, অঙ্ক, স্ট্যাটিস্টিক্স, অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার এবং স্টেনোগ্রাফি ও টাইপিং। ম্যানেজমেন্ট কোর্সে যা পড়ানো হয়, এই কোর্সটিতে তার প্রায় সবই রয়েছে। ফাইনাল ইয়ারে ছাত্রীদের ছ' সপ্তাহের জন্য বিভিন্ন সংস্থায় ট্রেনিং বা ইন্টার্নশিপ করতে পাঠানো হয়।

### কারা পড়বেন

উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। ভর্তি হওয়ার জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

### কাজের সুযোগ

ডিপ্লোমা ইন মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সের পঠনপাঠনের পরিধিটি বহুমুখী বলেই চাকরি পাওয়ার সুযোগও বেশি। কোর্স শেষে ক্যাম্পাসিংয়ের ব্যবস্থা করা হয়। তা ছাড়া, কোর্সের শেষ ছ' সপ্তাহ হাসপাতাল, অফিস, এনজিও-সহ নানা সংস্থায় প্রশিক্ষার্থীদের ট্রেনিং বা ইন্টার্নশিপের জন্য পাঠানো হয়। ইন্টার্নশিপ শেষ হলে অনেকে সেই সংস্থাতেই চাকরি পেয়ে যান। প্রতিষ্ঠানের অধিকাংশ ছাত্রীই কোর্স শেষ করে চাকরি পেয়ে যান কলকাতায় কিংবা অন্যান্য রাজ্যে। সরকারি দপ্তরে ডেটা এন্ট্রির জন্য কর্মীর চাহিদা থাকে। প্রতিষ্ঠানের ছাত্রীরা অনেকেই সে কাজ পেয়েছেন।

### আবেদনের পদ্ধতি

কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে সরাসরি যোগাযোগ করতে পারেন উইমেনস পলিটেকনিক কলেজে, এই ঠিকানায়: ১/১/২ গড়িয়াহাট রোড (সাউথ), যোধপুর পার্ক, কলকাতা-৬৮। ফোন: ৮৯১০৫-২৩৭০৬/৮৭৭৭৫-১০৩৩২।

## ডায়ালিসিস টেকনিশিয়ানের সার্টিফিকেট কোর্স

যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং কলকাতার মণিপাল হাসপাতাল যৌথ ভাবে ডায়ালিসিস টেকনিশিয়ান সার্টিফিকেট কোর্স পড়াবে। ক্লাস শুরু হবে ৭ মে। কোর্সের মেয়াদ ৯ মাস।

**আসনসংখ্যা:** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল উত্তীর্ণ।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ১১টা থেকে বিকেল সাড়ে ৩টের মধ্যে পাওয়া যাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে। ফর্মের ফি বাবদ দিতে হবে নগদ ৫০ টাকা। প্রতিষ্ঠানের ঠিকানা: ১৮৮, রাজা এস সি মল্লিক রোড, কলকাতা-৭০০০৩২।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৭ এপ্রিল।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://jadavpuruniversity.in প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৯০৮৮৪-০১৩৫৪।

## হোটেল ম্যানেজমেন্টের একাধিক ডিপ্লোমা কোর্স

হোটেল ম্যানেজমেন্টের মোট ৮টি শাখায় প্রশিক্ষণ দেবে কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের অধীনস্থ স্বশাসিত প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন (তারাতলা, কলকাতা)।

**কোর্সগুলি হল–** (১) ডিপ্লোমা ইন ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস (২) ডিপ্লোমা ইন ফুড প্রোডাকশন (৩) ডিপ্লোমা ইন বেকারি (৪) ডিপ্লোমা ইন ফ্রন্ট অফিস (৫) ডিপ্লোমা ইন হাউস কিপিং।

**শিক্ষাগত যোগ্যতা:** সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিক পাশ। **কোর্সের মেয়াদ:** দেড় বছর।

কোর্স ফি ফুড প্রোডাকশন ও বেকারির ক্ষেত্রে ৮৮,৭০০ টাকা এবং বাকি কোর্সের ক্ষেত্রে ৬৮,২০০ টাকা।

(৬) ক্রাফটসম্যানশিপ কোর্স ইন ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস। (৭) ক্রাফটসম্যানশিপ কোর্স ইন ফুড প্রোডাকশন অ্যান্ড প্যাটিসারি: **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **কোর্সের মেয়াদ:** ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিসের ক্ষেত্রে দেড় বছর, ফুড প্রোডাকশন অ্যান্ড প্যাটিসারি ক্ষেত্রে ৬ মাস।

কোর্স ফি: ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিসের ক্ষেত্রে ৩৭,১০০ টাকা, ফুড প্রোডাকশন অ্যান্ড প্যাটিসারির ক্ষেত্রে ৯০,৩০০ টাকা।

(৮) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন অ্যাকোমোডেশন অপারেশন অ্যান্ড ম্যানেজমেন্ট: **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। **কোর্সের মেয়াদ:** দেড় বছর।

কোর্স ফি: ৭১,৩০০ টাকা।

সব ক্ষেত্রেই সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। ফি জমা দেওয়া যাবে দুই কিস্তিতে।

বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

সরাসরি প্রতিষ্ঠানে গিয়ে আবেদন করতে হবে।

আবেদনের জন্য সঙ্গে রাখবেন এইসব নথি ✓প্রার্থীর সাম্প্রতিক কালে তোলা ২ কপি পাসপোর্ট মাপের ফটো (ফর্ম্যাল পোশাক, টাই-পরিহিত)। ✓মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেটের নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের নকল। ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল। ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের নকল। ✓মেডিক্যাল সার্টিফিকেটের নকল। ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা অ্যান্টি-র‍্যাগিং এফিডেভিট। ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা অ্যাটেন্ড্যান্স এফিডেভিট। ✓আধার কার্ডের নকল। ✓অ্যাডমিশন ফিয়ের রসিদ।

এফিডেভিটের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.ihmkolkata.org

প্রয়োজনীয় আসল নথিপত্র ও নকল-সহ যে-কোনও কাজের দিন (সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত) সরাসরি প্রতিষ্ঠানে গিয়ে ভর্তি হতে হবে। *প্রতিষ্ঠানের ঠিকানা: পি-১৬, তারাতলা রোড, কলকাতা-৭০০ ০৮৮। আবেদনের শেষ তারিখ ১৫ মে।*

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭৬০৫৮১৯৬৮৩ (যে কোনও কাজের দিন সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৫টার মধ্যে)।

## সশস্ত্র সীমা বলে ১০৫৭ কনস্টেবল ও হেড কনস্টেবল

১,০৫৭ জন কনস্টেবল ও হেড কনস্টেবল নেবে সশস্ত্র সীমা বল। পুরুষ ও মহিলা উভয়ই আবেদন করতে পারেন। এখন অস্থায়ী ভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 524/RC/SSB/Combined Advt./CT to SI (Non-GD)/2025.

**শূন্যপদের বিবরণ: কনস্টেবল:** ভেটেরিনারি: ৩৪টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ড্রাইভার (পুরুষ): ৫৫৩টি (সাধারণ ২৪৪, তফসিলি জাতি ৮১, তফসিলি উপজাতি ৩৮, ওবিসি ১৪৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪৫)।

গার্ডেনার: ৪১টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

ওয়াটার ক্যারিয়ার: ৫টি (সাধারণ)।

কবলার: ২৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

টেলার: ৪১টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

ওয়াশারম্যান: ৭৪টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৯ আর্থিক ভাবে অনগ্রসর ৭)।

বার্বার: ৪৩টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

ওয়েটার: ৩টি (সাধারণ)।

কার্পেন্টার: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)।

**হেড কনস্টেবল:** কমিউনিকেশন: ১৯৭টি (সাধারণ ৮৭, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৭, ওবিসি ৫৫, আর্থিক ভাবে অনগ্রসর ১৮)।

ইলেক্ট্রিশিয়ান: ২৯টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ভেটেরিনারি: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২)।

মোট শূন্যপদের মধ্যে ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা: কনস্টেবল:** ভেটেরিনারি পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে কোনও ভেটেরিনারি হাসপাতালে পশুচিকিৎসা-সংক্রান্ত কাজের ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কনস্টেবল ড্রাইভার পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে

*এরপর বারোর পাতায়*

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৩ ফেব্রুয়ারি-৩ মার্চ

**২৪ ফেব্রুয়ারি** দিল্লির এআই সম্মেলনে যুব কংগ্রেসের নেতা-কর্মীদের প্রতিবাদের ঘটনার জেরে যুব কংগ্রেসের ছয় কর্মী এবং সর্বভারতীয় সভাপতি উদয় ভানু চিবকে গ্রেফতার করল দিল্লি পুলিশ। উল্লেখ্য, ভারত-আমেরিকা বাণিজ্য চুক্তিতে 'প্রধানমন্ত্রী আপস করে ফেলেছেন' এই অভিযোগ তুলে

## নরেন্দ্র মোদীর ইজরায়েল সফরে ১৬ চুক্তি স্বাক্ষরিত



**২৬ ফেব্রুয়ারি:** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ইজরায়েল সফরের শেষ দিনে ১৬টি চুক্তি সই করল ভারত। চুক্তির ক্ষেত্রগুলির মধ্যে কৃষি থেকে প্রতিরক্ষা, কোয়ান্টাম থেকে কৃত্রিম মেধা, দুর্লভ খনিজ থেকে ইউপিআই প্রযুক্তিক্ষেত্রে সহযোগিতার মতো বিষয়গুলি রয়েছে। স্বাক্ষরিত চুক্তির অন্যতম ভূতাত্ত্বিক নিষ্কাশনের ক্ষেত্রে সহযোগিতা সংক্রান্ত। এই চুক্তির ফলে একটি দেশ অন্য দেশে এআই প্রযুক্তি ব্যবহার করে খনিজ উত্তোলন করতে পারবে। কূটনৈতিক শিবির থেকে প্রশ্ন উঠেছে, এর ফলে কি ভারতের দুর্লভ খনিজের ভাণ্ডার ইজরায়েলের উন্নত প্রযুক্তির সামনে উন্মুক্ত করে দেওয়া হবে?

সম্মেলনে যুব কংগ্রেসের নেতা-কর্মীরা টি-শার্ট খুলে প্রতিবাদ করেছিলেন। গ্রেফতারির পরে রাহুল গান্ধী মধ্যপ্রদেশের ভোপালে কৃষক সম্মেলনে অভিযোগ তুলেছেন প্রধানমন্ত্রী কৃষকদের স্বার্থ বিসর্জন দিয়ে এই বাণিজ্য চুক্তি করেছেন।

**কেরলের পিনারাই বিজয়ন** সরকারের রাজ্যের নাম বদলের প্রস্তাবে সম্মতি দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। কেরলের নতুন নাম হতে চলেছে 'কেরলম'। কেরল সরকার ২০২৩ সালে প্রথমবার কেন্দ্রের কাছে এই প্রস্তাব পাঠিয়েছিল। কয়েকটি নিয়মমাফিক ধাপ বাকি থাকলেও নামের বদল এখন সময়ের অপেক্ষা। অন্যদিকে, ২০১৮ সালে পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের নাম পরিবর্তন করে 'বাংলা' করার প্রস্তাব দিলেও এখনও কেন্দ্র সে বিষয়ে কোনও পদক্ষেপ করেনি।

**সচিন তেন্ডুলকরকে বিতর্কিত ভাবে** আউট দেওয়া প্রাক্তন আম্পায়ার স্টিভ বাকনার নিজের ভুল স্বীকার করলেন। ২০০৩-০৪ মরসুমে ব্রিসবেন টেস্টে সচিন তিন বল খেলে শূন্য রানে আউট হয়েছিলেন তাঁর ভুল সিদ্ধান্তে। ২২ বছর পর এই প্রসঙ্গে বাকনার বলেছেন, 'সচিনকে এলবিডব্লিউয়ের নির্দেশ দেওয়ার সিদ্ধান্ত ভুল ছিল।'

**২৫ ফেব্রুয়ারি** ইজরায়েল সফরে গিয়ে প্রথম ভারতীয় প্রধানমন্ত্রী হিসেবে সেদেশের পার্লামেন্টে বক্তৃতা দিলেন নরেন্দ্র মোদী। গাজার গণহত্যার প্রসঙ্গ এড়িয়ে শুধুই শান্তি উদ্যোগের কথা তুললেন তিনি। হামাসের ২০২৩ সালের হামলার সঙ্গে তুলনা টানলেন ২৬/১১ হামলার।

**এপস্টিন কাণ্ডে যোগের জেরে গেটস** ফাউন্ডেশনের কর্মীদের কাছে প্রকাশ্যে ক্ষমা চাইলেন বিল গেটস। ২০১৯ সালে মৃত যৌন অপরাধী জেফ্রি এপস্টিনের সঙ্গে বিল গেটসের একাধিক বৈঠকের কথা সম্প্রতি প্রকাশ্যে আসে। গেটস স্বীকার করেছেন, এপস্টিনের সঙ্গে সময় কাটানো ও ফাউন্ডেশনের কর্তাদের সেই বৈঠকে নিয়ে যাওয়া বড় ভুল ছিল।

## ইজরায়েল-আমেরিকা যৌথ হামলা শুরু ইরানে, পাল্টা জবাবও



**২৮ ফেব্রুয়ারি:** ইরানের ভূখণ্ডে আমেরিকা ও ইজরায়েলি বাহিনী যৌথ অভিযান শুরু করল। পাল্টা জবাবে ইজরায়েলে সরাসরি হামলা এবং পশ্চিম এশিয়ার মার্কিন সামরিক ঘাঁটিগুলিতে আক্রমণ করেছে ইরানও। ফলে এতদিন ধরে পরস্পরকে দেওয়া হুঁশিয়ারি ও ছায়াযুদ্ধ পুরোদস্তুর সামরিক অভিযান বা যুদ্ধের রূপ নিল। পেন্টাগনের 'অপারেশন এপিক ফিউরি' ও ইজরায়েলের 'অপারেশন লায়ন্স রোর'-এর লক্ষ্য রাজধানী তেহরান-সহ ইরানের প্রধান প্রধান সামরিক ও কৌশলগত পরিকাঠামো। ইরানের শাসন ব্যবস্থায় পরিবর্তনের ডাক দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প। তেহরানের 'অপারেশন ট্রু প্রমিস-৪'-এ ইজরায়েলের সঙ্গে সঙ্গে মার্কিন সামরিক ঘাঁটিগুলিতে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হানা শুরু হয়েছে। কুয়েত, কাতার, বাহারাইন এবং সংযুক্ত আরব আমিরশাহির মার্কিন ঘাঁটিগুলিকেই প্রথম দফায় নিশানা করেছে ইরান।



"ট্রাম্পের নিজের ভিতরের দ্বন্দ্ব এমন পর্যায়ে পৌছেছে যে তিনি নিজের সঙ্গেই দর কষাকষি করছেন। আমাদের মতো মানুষরা আপনাদের মতো মানুষের সঙ্গে কখনওই মানিয়ে চলতে পারে না। আমরা আপনাদের মতো মানুষের সঙ্গে কখনওই আপস করব না। আমরা বরাবরই বলে এসেছি, আপনাদের সঙ্গে আমরা কোনও চুক্তি করব না। কোনও দিনও নয়।"

ইব্রাহিম জুলফাকারি, *ইরানের সামরিক কম্যান্ডের শীর্ষ মুখপাত্র*
যুদ্ধ বিরতির লক্ষ্যে ইরানকে দেওয়া ট্রাম্পের ১৫ দফা শর্ত খারিজ করে দিয়ে

## প্রয়াত মুকুল রায়



**২৩ ফেব্রুয়ারি:** প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও তৃণমূল কংগ্রেস নেতা মুকুল রায় (৭১) প্রয়াত হলেন। তৃণমূল কংগ্রেসের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য এবং দীর্ঘসময় দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেছেন মুকুল। দশ বছরেরও বেশি সময় রাজ্যসভার সাংসদ এবং স্বল্প সময়ের জন্য রেলমন্ত্রীর দায়িত্বও পালন করেন। ২০১৭ সালে বিজেপিতে যোগ দেন। বিজেপির প্রার্থী হিসেবে ২০২১ সালের বিধানসভা ভোটে কৃষ্ণনগর উত্তর কেন্দ্র থেকে জয়ী হন। তবে ওই বছরই তৃণমূল কংগ্রেসে ফিরে আসেন। দীর্ঘ অসুস্থতার জন্য শেষ কয়েক বছর অবশ্য অন্তরালেই ছিলেন।

**রাষ্ট্রপুঞ্জের সাধারণ অধিবেশনে** ইউক্রেনের আনা প্রস্তাবের পক্ষে ১০৭টি রাষ্ট্র ভোট দিলেও, ভোটদানে বিরত থাকল ভারত। প্রস্তাবে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে দ্রুত, সম্পূর্ণ ও নিঃশর্ত যুদ্ধবিরতির আহ্বান জানানো হয়েছিল। প্রস্তাবের বিরুদ্ধে ভোট দেয় ১২টি দেশ। ৫১টি দেশ ভোটদানে বিরত থাকে, যাদের অন্যতম ভারত। মস্কোর সঙ্গে প্রতিরক্ষা এবং কৌশলগত সহযোগিতার ক্ষেত্রে ভারতের অংশীদারি বহু দশকের। রাষ্ট্রপুঞ্জে ভোটাভুটিতে সেটাই প্রতিফলিত হল।

**২৬ ফেব্রুয়ারি** দিল্লির এ আই সম্মেলনে বিক্ষোভের জন্য যুব-কংগ্রেসের নেতা কর্মীদের বিরুদ্ধে পুলিশি পদক্ষেপ নিয়ে প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদীকে নিশানা করলেন রাহুল গান্ধী। কেরলের কান্নুরে তিনি বলেন, 'মোদীজি, এটা উত্তর কোরিয়া নয়, ভারত। এখানে সরকার নিজেকে রাষ্ট্র মনে করলে, ভিন মতকে শত্রু মনে করলে, গণতন্ত্র শেষ হয়ে যাবে।' কংগ্রেসের অপর নেতা অভিষেক মনু সিঙ্ঘভি অভিযোগ করেছেন, গণতান্ত্রিক প্রক্রিয়ায় শান্তিপূর্ণ বিরোধিতাকে সন্ত্রাসবাদ বলা মানে গণতন্ত্রের হত্যা। যুব কংগ্রেসের শান্তিপূর্ণ প্রতিবাদে কাউকে আঘাত বা ভাঙচুর করা হয়নি।

**২৭ ফেব্রুয়ারি** আফগানিস্তানের বিরুদ্ধে সরাসরি যুদ্ধ ঘোষণা করল পাকিস্তান। সীমান্ত বরাবর দু-দেশের মধ্যেই দীর্ঘদিন ধরে ছোটখাটো সংঘর্ষ লেগেই ছিল। সাম্প্রতিক সময়ে একের পর এক জঙ্গি হামলার জন্য আফগানিস্তানের তালিবান সরকারকেই দায়ী করেছে ইসলামাবাদ। পাক প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ এক্স-হ্যান্ডলে লিখেছেন, 'আমাদের ধৈর্যের বাঁধ ভেঙেছে। এবার পুরোদস্তুর যুদ্ধ হবে।' পাকিস্তান এই অভিযানের নাম দিয়েছে 'গজব লিল হক'।

**প্রাক্তন পুলিশকর্তা রাজীব কুমারকে** সংসদের উচ্চ কক্ষ বা রাজ্যসভার প্রার্থী হিসেবে বেছে নিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যসভায় দলের শূন্য চার আসনের অন্যতম প্রার্থী হয়েছেন রাজীব। তাঁর মতো সদ্য অবসরপ্রাপ্ত এবং বিতর্কিত পুলিশকর্তার মনোনয়নকে রাজনৈতিক চমক হিসেবে দেখছেন রাজনীতিক বিশেষজ্ঞরা।

**২৮ ফেব্রুয়ারি** পশ্চিমবঙ্গে এসআইআর-এর চূড়ান্ত তালিকায় আরও প্রায় সাড়ে পাঁচ লক্ষ নাম বাদ গেল। খসড়ায় বাদ যাওয়া প্রায় ৫৮.২০ লক্ষের নাম-এর সঙ্গে যোগ করলে দু'দফা মিলিয়ে ৬৩ লক্ষেরও কিছু বেশি নাম বাদ গেল। সেই সঙ্গে তথ্যগত অসঙ্গতির আওতায় আরও অন্তত ৬০ লক্ষ ভোটারের ভাগ্য অনিশ্চিত হয়ে রইল। তথ্যগত অসঙ্গতি থাকা ভোটারদের তালিকা বিচারকদের বিবেচনার জন্য পাঠানো হয়েছে। সুপ্রিম কোর্টের নির্দেশেই তাঁদের নথি যাচাই করবেন বিচারক ও বিচারবিভাগীয় আধিকারিকরা।

**২ মার্চ** দীর্ঘ কূটনৈতিক সংঘাত পার হয়ে পারস্পরিক সহযোগিতা চুক্তি হল ভারত ও কানাডার মধ্যে। ভারত সফরে আসা কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সঙ্গে নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বৈঠকের পর সেদেশের সঙ্গে ভারতের দশ বছর মেয়াদি

**পশ্চিম এশিয়ার সংঘর্ষের তৃতীয়** দিনে পাল্টা আক্রমণের তীব্রতা বাড়াল ইরান। তাদের ঘনিষ্ঠ সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লা সরাসরি সংঘর্ষে জড়াতেই ইজরায়েল-মার্কিন জোট লেবাননের বেরুটে পাল্টা আক্রমণ করেছে। ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ডস কোর (আইআরজিসি) আনুষ্ঠানিকভাবে

## যৌথ বাহিনীর হানায় নিহত খামেনেই



**১ মার্চ:** ইজরায়েল-আমেরিকার যৌথ বাহিনীর হামলায় নিহত হলেন ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতোল্লা আলি খামেনেই। আগের রাত থেকেই একের পর এক ক্ষেপণাস্ত্র হানা শুরু হয়েছিল রাজধানী তেহরানের বিস্তীর্ণ এলাকায়। ইজরায়েল ও আমেরিকার তরফে পরপর বিবৃতি প্রদানের পর ইরানের তরফেও স্বীকার করে নেওয়া হয় সর্বোচ্চ নেতার নিহত হওয়ার কথা। খামেনেইয়ের উপর এই হামলাকে 'বড় মাপের অন্যায়' হিসেবে ব্যাখ্যা করেন ইরানি প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। খামেনেইয়ের পর দেশের অন্তর্বর্তীকালীন সর্বোচ্চ নেতা হিসেবে বেছে নেওয়া হয় আলিরেজা আরাফিকে। তিনি 'অ্যাসেম্বলি অব এক্সপার্টস'-এ ডেপুটি চেয়ারম্যান পদে ছিলেন। অস্থায়ীভাবে তাঁকে তিন সদস্যের অন্তর্বর্তী নেতৃত্ব-পরিষদের মাথায় বসানো হয়েছে।

ঐতিহাসিক 'পরমাণু জ্বালানি চুক্তি' সই হল। দীর্ঘমেয়াদী ইউরেনিয়াম সরবরাহ চুক্তিপত্র, পুনর্নবীকরণযোগ্য শক্তির ব্যবহার বাড়াতে চুক্তি এবং বিরল খনিজ-এর ক্ষেত্রে সহযোগিতার জন্যও দুই দেশ চুক্তি স্বাক্ষর করেছে। কানাডার বিদেশ-মন্ত্রী অনিতা আনন্দ ও ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের উপস্থিতিতে এই চুক্তিগুলি সই হয়।

**তিন বছর ধরে সুদের হার একই** রইল কর্মী প্রভিডেন্ট ফান্ডে। শেষবার ২০২৩-২৪ অর্থবর্ষে তা আগের বছরের ৮.১৫% থেকে বেড়ে হয়েছিল ৮.২৫%। তার পরে গত অর্থবর্ষে তা বদলায়নি। এদিন শ্রম মন্ত্রকের ঘোষণায় জানা গেল এবছরও সুদ বদলাচ্ছে না। তবে পিএফে সুদের হার অপরিবর্তিত রাখা নিয়ে তীব্র আপত্তি জানিয়েছে কর্মী ইউনিয়নগুলি। একইসঙ্গে পিএফে ন্যূনতম পেনশনের হার কবে বাড়বে বা আদৌ বাড়বে কিনা, তা নিয়ে আবশ্য কোনও ইঙ্গিত এদিন পাওয়া যায়নি।

হরমুজ প্রণালী বন্ধ করার ঘোষণা করেছে। অন্যদিকে আয়াতোল্লা খামেনেই-এর হত্যার ঘটনায় নিন্দা বা শোক প্রকাশের ব্যাপারে এদিন পর্যন্ত নীরব রইল ভারত। কূটনৈতিক সূত্রে জানানো হয়েছে অগ্নিগর্ভ পশ্চিম এশিয়ায় অসংখ্য ভারতীয় বসবাস করেন। কূটনৈতিক দৌত্যের মাধ্যমে শান্তি ফেরাতে সহযোগিতা করা ছাড়া ভারতের হাতে সরাসরি কিছু নেই।

**৩ মার্চ** পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে দেশে তেল ও গ্যাসের জোগান নিয়ে উদ্বেগ বাড়ল। ইরানের হামলার কারণে কাতার এনার্জি তরল প্রাকৃতিক গ্যাস বা এলএনজি উৎপাদন সম্পূর্ণ বন্ধ করে দেওয়ায় পরিস্থিতি আরও জটিল হয়েছে। ভারত-সহ সারা বিশ্বে এই গ্যাসের সরবরাহ ব্যাহত হয়েছে। এদিন থেকে দেশে বিভিন্ন সংস্থা ৪০% পর্যন্ত সরবরাহ কমিয়েছে। পরিসংখ্যান বলছে, ভারতে বছরে ২.৭ কোটি টন এলএনজি প্রয়োজন হয়। তার ৪০ শতাংশের বেশি সরবরাহ করে কাতারের সংস্থাটি।

## রঞ্জি চ্যাম্পিয়ন জম্মু-কাশ্মীর





**২৮ ফেব্রুয়ারি:** ইতিহাস গড়ে রঞ্জি ট্রফিতে চ্যাম্পিয়ন হল জম্মু-কাশ্মীর। প্রথম ইনিংসে ৫৮৪ করেছিল তারা। জবাবে কর্নাটকের ইনিংস শেষ হয় ২৯৩ রানে। ৫৪ রানে পাঁচ উইকেট নেন আকিব নবি। ২৯১ রানে এগিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে চার উইকেট হারিয়ে ৩৪২ রান তুলে ইনিংস ডিক্লেয়ার করে জম্মু-কাশ্মীর। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে জয়ী হল জম্মু-কাশ্মীর। প্রতিযোগিতার শুরু থেকেই ছন্দে ছিলেন আকিব নবি। প্রতিযোগিতার সেরা ক্রিকেটারও নির্বাচিত হয়েছেন তিনি।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# গ্রীষ্মকালীন শসার চাষ



**গ্রীষ্মকাল শসা চাষেরও সময়। অল্প দিনের মধ্যে ফল পাওয়া যায়। চাষের জন্য জলনিকাশির সুবিধাযুক্ত জমি আর হালকা জলসেচ দরকার। রোগ-পোকার আক্রমণ শসার ফলনে খুবই সমস্যা তৈরি করে। তার জন্য প্রতিনিয়ত গাছের উপর নজরদারি করতে হবে আর সতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**



গ্রীষ্মের অন্যতম লাভজনক ফসল শসা। দ্রুত বেড়ে ওঠা স্বল্প (৫০-৬০) দিনের ফসল এটি। কুমড়ো গোত্রীয় এই সবজিটির চাষবাসের পদ্ধতিও অনেকটা কুমড়োর মতো। গ্রীষ্মের শুরুতে শসা বাজারে আনতে পারলে রীতিমতো ভালো দাম পাওয়া যায়।

## আবহাওয়া ও মাটি

শসা মূলত উষ্ণ আবহাওয়া পছন্দ করে। ২৫-৩৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা, গাছের বৃদ্ধি ও ফুল উৎপাদনের জন্য উপযুক্ত। মাটি হতে হবে উর্বর দোআঁশ এবং সুনিকাশি ব্যবস্থা সম্পন্ন। মাটির পিএইচ অর্থাৎ ক্ষারাম্লমান হবে ৬-৭।

## জমি তৈরি

প্রথমে ৩-৪টি চাষ দিয়ে মাটি তৈরি করে নিতে হবে। মাটি সমতল করে নিয়ে, জল নিকাশির সুব্যবস্থা রেখে, ২.৫ মিটার চওড়া করে বেড বা কেয়ারি তৈরি করতে হবে।

## সার প্রয়োগ

বীজ বপনের আগে মূল সার প্রয়োগ করে মাটির সঙ্গে মিশিয়ে দিতে হবে। এ জন্য বিঘা প্রতি ১০ কুইন্টাল জৈব সার, ১০ কেজি ইউরিয়া, ৪৫ কেজি সিঙ্গল সুপার ফসফেট এবং ১০ কেজি মিউরেট অব পটাশ দরকার হবে। বীজ বপনের ৩০ দিন পর বাকি ৬০ কেজি ইউরিয়া চাপান সার হিসেবে প্রয়োগ করে হালকা সেচ দিতে হবে। তার আগে অবশ্যই আগাছা তুলে ফেলতে হবে।

## বীজ বপন

সার প্রয়োগের পর বেডের মধ্যে ৬০ সেন্টিমিটার দূরত্বে মাদা তৈরি করে তার ঠিক মাঝে বীজ বপন করে বীজগুলি ঢেকে দিতে হবে। তারপর জল দিতে হবে। বীজ বোনার উপযুক্ত সময় মার্চের প্রথম সপ্তাহ থেকে মার্চের মাঝামাঝি। এক বিঘা জমিতে শসা চাষের জন্য দরকার হবে ৩৫০ গ্রাম বীজ। বপনের পূর্বে অতি অবশ্যই ক্যাপটান ছত্রাকনাশকের (প্রতি কেজি বীজের জন্য ২ গ্রাম হিসেবে) সাহায্যে বীজ শোধন করে নিতে হবে।

## জাত

গ্রীষ্মকালে বাণিজ্যিক শসা চাষের উপযোগী উচ্চ ফলনশীল জাতগুলি হল— মালিনী, হিমানী, পাঞ্জাব খীরা ও পুসা লং গ্রিন।

## পরিচর্যা

নিড়ানির সাহায্যে নিয়মিত আগাছা তুলে ফেলতে হবে। গরমকালের ফসল বলে ৪-৫ দিন অন্তর হালকা সেচ দিতে হবে। ড্রিপ সেচ অর্থাৎ বিন্দুসেচ পদ্ধতি এ ক্ষেত্রে খুবই কার্যকরী। এর ফলে জলের খরচ অনেক কম হয়।

## শস্যসুরক্ষা

শসা চাষে রোগ ও পোকার আক্রমণ অন্যতম প্রধান সমস্যা। নিয়মিত জমির ভিতরে ঢুকে রোগ ও পোকার আক্রমণ হয়েছে কিনা, নজর রাখা দরকার। সাদা পাউডারের মতো আবরণে পাতার উপরিভাগ ঢেকে গেলে বুঝতে হবে ছত্রাক ঘটিত রোগ পাউডারি মিলডিউ জমিতে এসে গেছে। এই রোগ ঠেকানোর জন্য কার্বেনডেজিম প্রতি লিটার জলে ২ গ্রাম হিসেবে মিশিয়ে ৭ দিন অন্তর দু'বার স্প্রে করতে হবে।

পোকার মধ্যে ফলের মাছির উপদ্রব হল সবচেয়ে বেশি। স্ত্রী-মাছি ফলের খোসা ভেদ করে ভিতরে ডিম পাড়ে। ডিম ফুটে বের হওয়া লার্ভাগুলি ফলের শাঁস খেয়ে ক্ষতি করে। আক্রান্ত ফলগুলো পচতে শুরু করে এবং মাটিতে পড়ে যায়। এই পোকার আক্রমণ ঠেকাতে হলে নিমতেল ৩ শতাংশ হারে স্প্রে করতে হবে। এ ছাড়াও বিষটোপ ব্যবহার করে সুফল পাওয়া যাবে।

## ফসল তোলা

বীজ বোনার ৪৫-৬০ দিনের পর থেকেই শসা তোলার উপযোগী হয়ে যায়। ফলগুলি নরম থাকাকালীন গাছ থেকে তুলতে হবে। ধারালো ছুরির সাহায্যে ফল তুলতে হয়। শসাগাছের সমগ্র সময়কালে মোট ১০-১২ বার ফল তোলা যেতে পারে। বিঘাপ্রতি শসার গড় ফলন হবে ৬৫০-৮০০ কেজি।

# স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কয়েক হাজার ক্লার্ক ও প্রবেশনারি অফিসার নেবে

*প্রথম পাতার পর*

অফিসার, স্পেশ্যালিস্ট অফিসার ও লোকাল-বেসড অফিসারের (এলবিও) শূন্যপদ। স্পেশ্যালিস্ট অফিসার ও বিএলও পদে নিয়োগের প্রক্রিয়া চলছে। জুনিয়র অ্যাসোসিয়েট ও প্রবেশনারি অফিসার পদে নিয়োগ বাকি রয়েছে। ক্লার্ক বা জুনিয়র অ্যাসোসিয়েটের শূন্যপদের সংখ্যাই সবচেয়ে বেশি।

উল্লেখ্য, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আইবিপিএস) পরীক্ষার মাধ্যমে কর্মী নিয়োগ করে না। এই ব্যাঙ্কের সেন্ট্রাল রিক্রুটমেন্ট ও প্রমোশন বিভাগ প্রার্থী বাছাইয়ের দায়িত্বে থাকে।

ক্লার্ক তথা জুনিয়র অ্যাসোসিয়েট নিয়োগ করা হয় প্রিলিমিনারি ও মেন পরীক্ষা এবং প্রার্থীর আঞ্চলিক ভাষাজ্ঞান যাচাইয়ের মাধ্যমে। এই পদের ক্ষেত্রে প্রার্থী যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন সেখানকার আঞ্চলিক ভাষা জানা থাকতে হবে। প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করা হয় প্রিলিমিনারি ও মেন পরীক্ষা, গ্রুপ এক্সারসাইজ ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ক্লার্ক পদের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখে প্রার্থীর বয়স হতে হবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, প্রবেশনারি অফিসার পদের ক্ষেত্রে নির্ধারিত তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পেয়ে থাকেন।

দেশের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার জুনিয়র অ্যাসোসিয়েট (ক্লার্ক) ও প্রবেশনারি অফিসার পদের চাকরিতে আগ্রহীরা পরীক্ষার জন্য প্রস্তুতি শুরু করতে পারেন। নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য-সহ সে খবর 'কর্মক্ষেত্র'য় জানানো হবে। প্রস্তুতি-সংক্রান্ত তথ্যের জন্য দেখতে পারেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ওয়েবসাইটের এই দুটি লিঙ্ক: https://sbi.bank.in/web/careers/junior-associate এবং https://sbi.bank.in/web/careers/probationary-officers

**বেঙ্গল গ্যাস কোম্পানি লিমিটেড**

বেঙ্গল গ্যাস কোম্পানি লিমিটেড ভারতীয় নাগরিকদের কাছ থেকে নির্দিষ্ট মেয়াদি নিয়োগের ভিত্তিতে কোম্পানি সেক্রেটারি এবং বিআইএস পদে মোট ০২ (দুই) জন এক্সিকিউটিভ নিয়োগের জন্য আবেদন আহ্বান করছে। বিস্তারিত বিজ্ঞাপন এবং অনলাইন আবেদনপত্র পূরণের নির্দেশাবলীর জন্য বিজিসিএল ওয়েবসাইটের 'CAREERS' বিভাগ (www.bgcl.co.in) দেখুন। **অনলাইন রেজিস্ট্রেশন ও আবেদন জমা দেওয়া শুরু: ২৩/০৩/২০২৬ (সকাল ১০:০০ টা থেকে) অনলাইন রেজিস্ট্রেশন ও আবেদন জমা দেওয়ার শেষ তারিখ: ২২/০৪/২০২৬ (বিকেল ৫:০০ টা পর্যন্ত)** যেকোনো সংশোধনী / সংযোজন শুধুমাত্র বিজিসিএল ওয়েবসাইট www.bgcl.co.in-এ প্রকাশ করা হবে। আবেদনকারীদের নিয়মিত ওয়েবসাইট পরিদর্শন করার জন্য অনুরোধ করা হচ্ছে, যাতে তারা সর্বশেষ আপডেট সম্পর্কে অবগত থাকতে পারেন।

বিজ্ঞপ্তি নম্বর: BGCL/OPEN/MISC/5/2026

THE BSS SCHOOL

**REQUIRED: LADY PRINCIPAL**

ELIGIBILITY

- Post Graduate Degree with B.Ed/M.Ed.
- Minimum 8 Years of Teaching and Administrative Experience in a comparable CISCE School (ICSE/ISC)
- Preferably around 50 Years of AGE.
- Impeccable Background, Personality and Leadership Qualities.

APPLICATIONS, along with detailed CV, testimonials and recent photograph, should reach the "ADDITIONAL SECRETARY" within 15 DAYS from the date of publication.

Send your application to

**THE BSS SCHOOL**
51, Gariahat Road, Kolkata 700 019

Email: additional.secretary@thebssschool.com
Mobile No: +91 62908 73361
Land Line: 033-2461-8675/8195

**Institute of Engineering & Management (IEM)**
Salt Lake | New Town | Jaipur
school of
**University of Engineering & Management (UEM)**

**NOTICE FOR JOB POSTING IN KOLKATA & JAIPUR**

Invites applications from highly qualified, motivated, and research-oriented candidates for full-time faculty positions in the following disciplines:

CSE, CSE (AI & ML), CSE (IoT), CSE (IoT-BCT-CS), CSE (AI), CSE (Data Science), CSE (Cyber Security), CSE (Cloud Computing), CSE (Networks), Robotics & AI, Information Technology, Computer Science & Technology, Computer Science & Information Technology, Computer Science & Business System, BCA & MCA.

- Perquisites as per UGC/AICTE norms.
- Opportunity for doing Ph.D, publication, patent filing, training, upgradation, attending seminars, workshops etc. conferences & journals.
- Salary as per UGC/AICTE norms.
- Opportunity to supervise Ph.D students and incentives for doing original research and development.

Please apply with resume and superscribing the envelope with the name of the post applied for and location with passport size photograph (non-returnable) to **Institute of Engineering & Management (IEM), Y-12, Salt Lake Electronics Complex, Sector-V, Kolkata-700091.**
Also e-mail a copy of resume at **jobs@iem.edu.in**
Hard copy of application must reach within 15 days from the date of advertisement.

www.uem.edu.in www.iem.edu.in

**JOIN US!**
IQ CITY KNOWLEDGE & HEALTH CAMPUS DURGAPUR
mani EDUHEALTH

**We are hiring Registrar**

**Key Roles & Responsibilities:**


- Oversee academic & admin operations
- Ensure regulatory compliance (UGC, MCI, PCI, INC)
- Drive quality education & digital initiatives
- Lead admissions, exams and student affairs
- Expertise in academics software & digital presence
- And do all necessary for upkeeping the academic excellence of the institutions.

**Experience:**
10+ years in academic administration

**Qualifications:**
Master's (PhD mandatory)

Send your resume at:
hr.dept@iqct.in

IQ City Road, Durgapur-713 206, West Bengal www.iqcity.in




At Azim Premji University, learning is about more than just a degree; it's about discovering your purpose. Our interdisciplinary approach helps you think deeply. Guided by expert faculty and mentors, learning comes alive purposefully in our vibrant, inclusive campuses.

MA in Applied Economics • MSc in Climate Change & Sustainability
MA in Development • MA in Early Childhood Care & Education
MA in Economics • MA in Education • Master of Public Health

**Last date to apply 3 April 2026**

Campuses: **Bengaluru | Bhopal | Ranchi**
Programmes: **Undergraduate | Postgraduate | Diplomas & Certificates**

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. Fill in the blank with the correct preposition:
He is proficient ___ English.
(a) in (b) with (c) at (d) for
2. Choose the correct meaning of the Idiom:
'To cry wolf'.
(a) To keep complaining (b) To give a false alarm (c) To be very hungry (d) To shout loudly
3. What is the synonym of 'Fragile'?
(a) Strong (b) Tough (c) Delicate (d) Fast
4. Fill in the blank:
An Ophthalmologist is a person who treats ___.
(a) Heart (b) Eyes (c) Glands (d) Lungs
5. Select the correct Phrasal Verb:
The patient will ____ soon.
(a) come round (b) come by (c) come at (d) come out
6. Change the voice:
'The script is being written.'
(a) They are writing the script (b) They will write the script (c) They have written the script (d) They write the script
7. The word 'Clairvoyant' is related to:
(a) Astronomy (b) Seeing into the future (c) Cooking (d) Sailing
8. Insert the correct word:
A person who hates mankind is a ____.
(a) Misogynist (b) Misanthrope (c) Philanthropist (d) Monogamist
9. Choose the correct synonym of 'DILIGENT':
(a) Lazy (b) Hardworking (c) Intelligent (d) Careless
10. Fill in: Use a suitable auxiliary verb:
'___ you help me?'
(a) Should (b) Would (c) Shall (d) May
11. The idiomatic expression 'A bolt from the blue' means:
(a) Delayed event (b) Sudden and unexpected (c) Very happy (d) A blue light
12. What is the antonym of 'Superficial'?
(a) Shallow (b) Deep (c) Artificial (d) Real
13. Fill in the blank: He has a preference ____ tea over coffee.
(a) for (b) to (c) at (d) over
14. Identify the collective noun:
A ____ of lions.
(a) Pack (b) Herd (c) Pride (d) Swarm
15. Choose the correct spelling:
(a) Accomodation (b) Accommodation (c) Acomodation (d) Accommadation
16. 'To take a leaf out of someone's book' means:
(a) To steal a book (b) To imitate someone (c) To learn a lesson (d) To read carefully
17. Fill in: He is blind ____ his son's faults.
(a) to (b) of (c) with (d) for
18. One who deals with flowers is a ____.
(a) Florist (b) Fruiterer (c) Vendor (d) Gardener
19. The past tense of 'Slay' is:
(a) Slayed (b) Slew (c) Slain (d) Slee
20. Fill in: It has been raining ____ morning.
(a) from (b) since (c) for (d) by
21. 'A wild goose chase' means:
(a) A fruitful search (b) To hunt a goose (c) A useless pursuit (d) A crazy idea
22. The opposite of 'Remote' is:
(a) Far (b) Distant (c) Near (d) Sharp
23. A person who collects stamps is called:
(a) Numismatist (b) Philatelist (c) Narcissist (d) Fatalist
24. 'In the nick of time' means:
(a) Very late (b) Just at the last moment (c) In advance (d) After a long time
25. Add a question tag:
'You are coming, ____?'
(a) are you (b) aren't you (c) won't you (d) don't you
26. পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
(a) সান্দাকফু (b) ফালুট (c) সবরগ্রাম (d) টাংলু
27. ফরাক্কা বাঁধ নির্মিত হয়েছে কোন উদ্দেশ্যে?
(a) হুগলি নদীতে জলের প্রবাহ বৃদ্ধি করতে (b) জলবিদ্যুৎ তৈরি করতে (c) চাষের জমিতে জল দিতে (d) বন্যার নিয়ন্ত্রণ করতে
28. ভারতের দীর্ঘতম নদী কোনটি?
(a) ব্রহ্মপুত্র (b) গঙ্গা (c) গোদাবরী (d) সিন্ধু
29. আরাবল্লী একটি ——— পর্বত?
(a) স্তূপ পর্বত (b) আগ্নেয় পর্বত (c) ক্ষয়জাত পর্বত (d) নবীন ভঙ্গিল পর্বত
30. ভারতের (IST) গণনা করা হয় কোন দ্রাঘিমাংশ অনুযায়ী?
(a) 82.5 পূর্ব (b) 88.5 পূর্ব (c) 86.5 পূর্ব (d) 84.5 পূর্ব
31. কর্কটক্রান্তি রেখা পশ্চিমবঙ্গের কোন জেলার উপর দিয়ে গিয়েছে?
(a) নদিয়া (b) মালদহ (c) দক্ষিণ ২৪ পরগনা (d) দার্জিলিং
32. কোন নদীকে 'দক্ষিণ ভারতের গঙ্গা' বলা হয়?
(a) কৃষ্ণা (b) কাবেরী (c) গোদাবরী (d) নর্মদা
33. চিলকা হ্রদ কোথায় অবস্থিত?
(a) ওড়িশা (b) অন্ধ্রপ্রদেশ (c) তামিলনাড়ু (d) পশ্চিমবঙ্গ
34. নামচাবারওয়া থেকে কোন নদী ইউ-টার্ন নিয়ে ভারতে প্রবেশ করেছে?
(a) গঙ্গা (b) তিস্তা (c) ব্রহ্মপুত্র (d) বরাকর
35. পশ্চিমবঙ্গে চা চাষের জন্য কোন জেলা বিখ্যাত?
(a) জলপাইগুড়ি (b) দার্জিলিং (c) কোচবিহার (d) পুরুলিয়া
36. নন্দাদেবী শৃঙ্গ কোথায় অবস্থিত?
(a) হিমাচল প্রদেশ (b) উত্তরাখণ্ড (c) সিকিম (d) নেপাল
37. ভারত ও পাকিস্তানের সীমান্ত রেখাকে কী বলা হয়?
(a) ডুরান্ড লাইন (b) ম্যাকমোহন লাইন (c) র‍্যাডক্লিফ লাইন (d) 17তম প্যারালাল
38. তুলা চাষের জন্য কোন মাটি শ্রেষ্ঠ?
(a) ল্যাটেরাইট মাটি (b) রেগুর বা কৃষ্ণ মৃত্তিকা (c) পলি মাটি (d) লোহিত মৃত্তিকা
39. ভারতের একমাত্র সক্রিয় আগ্নেয়গিরি কোনটি?
(a) নারকোন্ডাম (b) ব্যারেন দ্বীপ (c) মিনিকয় (d) লাক্ষাদ্বীপ
40. মরুস্থলী ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) রাজস্থান (c) গুজরাট (d) পাঞ্জাব
41. বক্সা টাইগার রিজার্ভ পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(a) আলিপুরদুয়ার (b) জলপাইগুড়ি (c) দার্জিলিং (d) কোচবিহার
42. লোকটাক হ্রদ কোথায় অবস্থিত?
(a) মণিপুর (b) মিজোরাম (c) নাগাল্যান্ড (d) অরুণাচল প্রদেশ
43. সর্দার সরোবর বাঁধ কোন নদীর ওপর নির্মিত?
(a) তাপ্তি (b) নর্মদা (c) কৃষ্ণা (d) মহানদী
44. ভারতের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য কোনটি?
(a) সুন্দরবন (b) ভিতরকণিকা (c) পিচাভরম (d) কচ্ছের রান
45. ডানকান প্যাসেজ কাদের মধ্যে অবস্থিত?
(a) আন্দামান ও নিকোবর (b) দক্ষিণ আন্দামান ও ক্ষুদ্র আন্দামান (c) লাক্ষাদ্বীপ ও মিনিকয় (d) আমিনদিভি ও লাক্ষাদ্বীপ
46. পশ্চিমবঙ্গের কোন জেলায় সবচেয়ে কম বৃষ্টিপাত হয়?
(a) বাঁকুড়া (b) বীরভূম (ময়ূরেশ্বর) (c) পুরুলিয়া (d) পশ্চিম মেদিনীপুর
47. ভারতের দীর্ঘতম জাতীয় সড়ক কোনটি?
(a) NH-1 (b) NH-2 (c) NH-7 (d) NH-44
48. ভারতের উচ্চতম জলপ্রপাত কোনটি?
(a) কুঞ্চিকল (b) যোগ (c) শিবসমুদ্রম (d) দুধসাগর
49. হীরাকুদ বাঁধ কোন নদীর ওপর অবস্থিত?
(a) গঙ্গা (b) মহানদী (c) কাবেরী (d) গোদাবরী
50. শাল গাছ হল এক ধরনের:
(a) চিরহরিৎ বৃক্ষ (b) পর্ণমোচী বৃক্ষ (c) ম্যানগ্রোভ (d) সরলবর্গীয় বৃক্ষ
51. ভারতের কোন রাজ্য চিনির বাটি নামে পরিচিত?
(a) উত্তরপ্রদেশ (b) বিহার (c) পাঞ্জাব (d) মহারাষ্ট্র
52. 'মহাভাষ্য' কে রচনা করেছিলেন?
(a) অমরসিংহ (b) কালিদাস (c) পাণিনি (d) পতঞ্জলি
53. সিন্ধু সভ্যতার কোন শহরটি একটি বন্দর ছিল?
(a) হরপ্পা (b) লোথাল (c) কালীবঙ্গান (d) মহেঞ্জোদারো
54. গৌতম বুদ্ধ কোথায় নির্বাণ লাভ করেছিলেন?
(a) লুম্বিনী (b) সারনাথ (c) কুশিনগর (d) বোধগয়া
55. 'ইন্ডিকা' গ্রন্থের রচয়িতা কে?
(a) সেলুকাস (b) মেগাস্থিনিস (c) অল-বিরুনী (d) ফা-হিয়েন
56. এলাহাবাদ প্রশস্তি কে রচনা করেন?
(a) অশ্বঘোষ (b) সমুদ্রগুপ্ত (c) হরিষেণ (d) কলহণ
57. সুলতানি আমলের 'ইকতা' প্রথা কে প্রবর্তন করেন?
(a) ইলতুৎমিস (b) বলবন (c) আলাউদ্দিন খিলজি (d) মহম্মদ বিন তুঘলক
58. বিখ্যাত পর্যটক ইবন বতুতা কোন দেশ থেকে ভারতে এসেছিলেন?
(a) মিশর (b) মরক্কো (c) সিরিয়া (d) পারস্য
59. দীন-ই-ইলাহি কে প্রবর্তন করেন?
(a) বাবর (b) হুমায়ুন (c) আকবর (d) ঔরঙ্গজেব
60. ফোর্ট উইলিয়াম কলেজ কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1798 (b) 1800 (c) 1805 (d) 1810
61. ব্রহ্ম সমাজ কে প্রতিষ্ঠা করেন?
(a) রাজা রামমোহন রায় (b) দয়ানন্দ সরস্বতী (c) দেবেন্দ্রনাথ ঠাকুর (d) কেশবচন্দ্র সেন
62. 'স্বরাজ আমার জন্মগত অধিকার'-কে বলেছিলেন?
(a) লালা লাজপত রায় (b) বাল গঙ্গাধর তিলক (c) বিপিন চন্দ্র পাল (d) মহাত্মা গান্ধী

এরপর নয়ের পাতায়

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. নিউটনের কোন গতিসূত্র থেকে বলের সংজ্ঞা পাওয়া যায়?
(a) প্রথম সূত্র (b) দ্বিতীয় সূত্র (c) তৃতীয় সূত্র (d) মহাকর্ষ সূত্র
2. একটি বস্তুর ভরবেগ দ্বিগুণ করলে তার গতিশক্তি কত গুণ হবে?
(a) 2 গুণ (b) 3 গুণ (c) 4 গুণ (d) অপরিবর্তিত থাকবে
3. আকাশ নীল দেখায় আলোর কোন ঘটনার জন্য?
(a) প্রতিফলন (b) প্রতিসরণ (c) বিচ্ছুরণ (d) বিক্ষেপণ
4. রোধের এস আই একক কী?
(a) অ্যাম্পিয়ার (b) ভোল্ট (c) ওহম (d) ওয়াট
5. গাড়ির রিয়ার ভিউ মিরর হিসেবে কোন দর্পণ ব্যবহৃত হয়?
(a) সমতল দর্পণ (b) উত্তল দর্পণ (c) অবতল দর্পণ (d) কোনওটিই নয়
6. শব্দের বেগ সবচেয়ে বেশি কোন মাধ্যমে?
(a) শূন্যস্থানে (b) গ্যাসে (c) তরলে (d) কঠিনে
7. পর্যায় সারণীর কোন গ্রুপকে 'হ্যালোজেন' বলা হয়?
(a) গ্রুপ 1 (b) গ্রুপ 2 (c) গ্রুপ 17 (d) গ্রুপ 18
8. আধুনিক পর্যায় সারণীর জনক কাকে বলা হয়?
(a) মেন্ডেলিভ (b) মোজলে (c) নিউল্যান্ডস (d) ডাল্টন
9. সোডিয়াম কার্বনেট ($Na_2CO_3$) সাধারণ ভাবে কী নামে পরিচিত?
(a) বেকিং সোডা (b) ওয়াশিং সোডা (c) কস্টিক সোডা (d) ব্লিচিং পাউডার
10. অম্লরাজ বা একুয়া রেজিয়া তৈরিতে HCl ও $HNO_3$-এর অনুপাত কত থাকে?
(a) 1 : 3 (b) 3 : 1(c) 2 : 1 (d) 1 : 2
11. পরমাণুর নিউক্লিয়াসে কী কী থাকে?
(a) ইলেক্ট্রন ও প্রোটন (b) প্রোটন ও নিউট্রন (c) শুধুমাত্র নিউট্রন (d) ইলেক্ট্রন ও নিউট্রন
12. সবচেয়ে নমনীয় ধাতু কোনটি?
(a) রুপো (b) তামা (c) সোনা (d) অ্যালুমিনিয়াম
13. কোষের শক্তিঘর কাকে বলা হয়?
(a) নিউক্লিয়াস (b) লাইসোজোম (c) রাইবোজোম (d) মাইটোকন্ড্রিয়া
14. মানুষের রক্তে অক্সিজেনের বাহক কে?
(a) শ্বেত রক্তকণিকা (b) প্লাজমা (c) হিমোগ্লোবিন (d) অণুচক্রিকা
15. উদ্ভিদের জল পরিবহণে সাহায্য করে কোন কলা?
(a) ফ্লোয়েম (b) জাইলেম (c) প্যারেনকাইমা (d) কোলেনকাইমা
16. স্কার্ভি রোগ হয় কোন ভিটামিনের অভাবে?
(a) ভিটামিন A (b) ভিটামিন B (c) ভিটামিন C (d) ভিটামিন D
17. ইনসুলিন হরমোন শরীরের কোন গ্রন্থি থেকে নিঃসৃত হয়?
(a) থাইরয়েড (b) অগ্ন্যাশয় (c) পিটুইটারি (d) যকৃৎ
18. ম্যালেরিয়া রোগের বাহক কে?
(a) পুরুষ অ্যানোফিলিস মশা (b) স্ত্রী অ্যানোফিলিস মশা (c) এডিস মশা (d) কিউলেক্স মশা
19. প্রোটিন পরিপাকের পর কীসে পরিণত হয়?
(a) গ্লুকোজ (b) ফ্যাটি অ্যাসিড (c) অ্যামিনো অ্যাসিড (d) গ্লিসারল
20. মানুষের শরীরের দীর্ঘতম হাড় কোনটি?
(a) হিউমেরাস (b) ফিমার (c) টিবিয়া (d) স্টেপিস
21. নীচের কোনটির কম্পাঙ্ক সবচেয়ে বেশি?
(a) রেডিও তরঙ্গ (b) দৃশ্যমান আলো (c) গামা রশ্মি (d) অবহেলিত রশ্মি
22. কুইকসিলভার কাকে বলা হয়?
(a) রুপো (b) পারদ (c) অ্যালুমিনিয়াম (d) লিথিয়াম
23. কোষের 'আত্মঘাতী থলি' কাকে বলা হয়?
(a) গলগি বডি (b) রাইবোজোম (c) লাইসোজোম (d) ভ্যাকুওল
24. ফিউজ তার কোন ধাতুর সংকর দিয়ে তৈরি?
(a) তামা ও দস্তা (b) টিন ও সিসা (c) তামা ও লোহা (d) নিকেল ও ক্রোমিয়াম
25. রক্ত তঞ্চনে সাহায্য করে কোন ভিটামিন?
(a) ভিটামিন A (b) ভিটামিন B12 (c) ভিটামিন E (d) ভিটামিন K
26. হরপ্পা সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত ছিল?
(a) সিন্ধু (b) রাভি (c) গঙ্গা (d) নর্মদা
27. 'ইন্ডিকা' গ্রন্থটি কার লেখা?
(a) ফাহিয়েন (b) হিউয়েন সাং (c) মেগাস্থিনিস (d) সেলুকাস
28. গান্ধীজি কত সালে 'ভারত ছাড়ো' আন্দোলনের ডাক দিয়েছিলেন?
(a) 1920 (b) 1930 (c) 1942 (d) 1946
29. পানিপথের প্রথম যুদ্ধ (1526) কাদের মধ্যে হয়েছিল?
(a) বাবর ও ইব্রাহিম লোদি (b) আকবর ও হেমু (c) মারাঠা ও আফগান (d) হুমায়ুন ও শেরশাহ
30. ভারতের দীর্ঘতম নদী কোনটি?
(a) ব্রহ্মপুত্র (b) সিন্ধু (c) গঙ্গা (d) গোদাবরী
31. মাউন্ট এভারেস্ট নেপালে কী নামে পরিচিত?
(a) চমোলুংমা (b) সাগরমাথা (c) নন্দাদেবী (d) অন্নপূর্ণা
32. কোন শহরকে 'ভারতের ম্যানচেস্টার' বলা হয়?
(a) মুম্বই (b) আহমেদাবাদ (c) কোয়েম্বাটুর (d) কানপুর
33. ভারতের দক্ষিণতম বিন্দু কোনটি?
(a) কন্যাকুমারী (b) ইন্দিরা পয়েন্ট (c) কচ্ছের রান (d) কিবিথু
34. ভারতীয় সংবিধানের জনক কাকে বলা হয়?
(a) জওহরলাল নেহরু (b) বি আর আম্বেদকর (c) সর্দার প্যাটেল (d) রাজেন্দ্র প্রসাদ

এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আগের পাতার পর*

63. কবে জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটেছিল?
(a) 13 এপ্রিল, 1919 (b) 15 অগস্ট, 1919 (c) 13 মার্চ 1919 (d) 20 এপ্রিল, 1919

64. গান্ধীজি তাঁর প্রথম সত্যাগ্রহ আন্দোলন কোথায় শুরু করেছিলেন?
(a) খেড়া (b) চম্পারণ (c) সবরমতী (d) বর্দোলি

65. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন কোথায় বসেছিল?
(a) কলকাতা (b) বোম্বে (মুম্বাই) (c) মাদ্রাজ (চেন্নাই) (d) পুনে

66. আজাদ হিন্দ ফৌজ কে প্রতিষ্ঠা করেন?
(a) সুভাষচন্দ্র বসু (b) রাসবিহারী বসু (c) মোহন সিং (d) শাহ নেওয়াজ খান

67. ভারতের শেষ ভাইসরয় কে ছিলেন?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) লর্ড ক্যানিং (c) লর্ড কার্জন (d) লর্ড ডালহৌসি

68. কে 'আর্য সমাজ' প্রতিষ্ঠা করেন?
(a) রামকৃষ্ণ পরমহংস (b) স্বামী বিবেকানন্দ (c) স্বামী দয়ানন্দ সরস্বতী (d) এ ও হিউম

69. ভারতের সিভিল সার্ভিসের জনক কাকে বলা হয়?
(a) লর্ড বেন্টিঙ্ক (b) লর্ড ডালহৌসি (c) লর্ড কর্নওয়ালিস (d) লর্ড রিপন

70. কত সালে মুসলিম লিগ প্রতিষ্ঠিত হয়?
(a) 1905 (b) 1906 (c) 1907 (d) 1909

71. মর্লে-মিন্টো সংস্কার আইন কত সালে পাশ হয়?
(a) 1905 (b) 1909 (c) 1919 (d) 1935

72. সাইমন কমিশন কেন ভারতে এসেছিল?
(a) শিক্ষা সংস্কারের জন্য (b) শাসনতান্ত্রিক বা সাংবিধানিক সংস্কারের জন্য (c) দুর্ভিক্ষ পর্যালোচনার জন্য (d) সেনাবাহিনী সংস্কারের জন্য

73. হরিজন সেবক-সংঘ কে গঠন করেন?
(a) জ্যোতিবা ফুলে (b) বি আর আম্বেদকর (c) মহাত্মা গান্ধী (d) জওহরলাল নেহরু

74. তালিকোটার যুদ্ধ কত সালে হয়েছিল?
(a) 1556 (b) 1565 (c) 1571 (d) 1581

75. কে বলেছিলেন 'ভারতের আত্মা গ্রামে বাস করে'?
(a) চিত্তরঞ্জন দাশ (b) জয়প্রকাশ নারায়ণ (c) জওহরলাল নেহরু (d) মহাত্মা গান্ধী

76. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম সভায় সভাপতিত্ব কে করেছিলেন?
(a) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (b) উমেশচন্দ্র ব্যানার্জি (c) এ ও হিউম (d) বদরুদ্দিন তৈয়বজি

77. অনুশীলন সমিতি কে প্রতিষ্ঠা করেন?
(a) প্রথমনাথ মিত্র (b) বারীন্দ্র ঘোষ (c) যতীন দাস (d) সূর্য সেন

78. বঙ্গভঙ্গ কবে রদ করা হয়?
(a) 1905 সালে (b) 1911 সালে (c) 1906 সালে (d) 1909 সালে

79. গদর পার্টি কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) সান ফ্রান্সিসকো (b) লন্ডন (c) লাহোর (d) বার্লিন

80. গান্ধীজির পরিচালিত প্রথম সত্যাগ্রহ কোনটি?
(a) খেড়া সত্যাগ্রহ (b) আহমেদাবাদ সত্যাগ্রহ (c) চম্পারণ সত্যাগ্রহ (d) অসহযোগ আন্দোলন

81. কে 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন' বা ভারত সভা প্রতিষ্ঠা করেন?
(a) আনন্দমোহন বোস ও সুরেন্দ্রনাথ ব্যানার্জি (b) উমেশচন্দ্র ব্যানার্জি (c) শিশির কুমার ঘোষ (d) দাদাভাই নওরোজি

82. স্বরাজ্য দলের প্রথম সভাপতি কে ছিলেন?
(a) মোতিলাল নেহরু (b) চিত্তরঞ্জন দাশ (c) মহাত্মা গান্ধী (d) জওহরলাল নেহরু

83. 'সারে জাঁহাসে আচ্ছা' গানটির রচয়িতা কে?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) মহম্মদ ইকবাল (c) কাজী নজরুল ইসলাম (d) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

84. খিলাফৎ আন্দোলনের প্রধান নেতা কারা ছিলেন?
(a) শওকত আলি ও মহম্মদ আলি (আলি ভ্রাতৃদ্বয়) (b) এম এ জিন্নাহ (c) সৈয়দ আহমেদ খাঁ (d) আবুল কালাম আজাদ

85. কত সালে 'আজাদ হিন্দ ফৌজ' গঠিত হয়েছিল?
(a) 1 সেপ্টেম্বর, 1942 (b) 21 অক্টোবর, 1943 (c) 15 অগস্ট, 1942 (d) 26 জানুয়ারি, 1923

86. কোন ঘটনার পর গান্ধীজি অসহযোগ আন্দোলন প্রত্যাহার করেন?
(a) রাওলাট অ্যাক্ট (b) জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড (c) চৌরিচৌরার ঘটনা (d) আইন অমান্য আন্দোলন

87. 'সীমান্ত গান্ধী' কাকে বলা হয়?
(a) আব্দুল গফফর খাঁ (b) মৌলানা আজাদ (c) মহম্মদ আলি জিন্নাহ (d) লিয়াকত আলি খাঁ

88. ডান্ডি অভিযান কবে শুরু হয়?
(a) 12 মার্চ, 1930 (b) 6 এপ্রিল, 1930 (c) 12 মে, 1930 (d) 8 অগস্ট, 1942

89. ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে প্রথমবার 'পূর্ণ স্বরাজ'-এর দাবি তোলা হয়?
(a) 1929 লাহোর অধিবেশন (b) 1920 নাগপুর অধিবেশন (c) 1924 বেলগাঁও অধিবেশন (d) 1938 হরিপুরা অধিবেশন

90. ভারতমাতা চিত্রটি কে অঙ্কন করেছিলেন?
(a) গগনেন্দ্রনাথ ঠাকুর (b) অবনীন্দ্রনাথ ঠাকুর (c) নন্দলাল বসু (d) যামিনী রায়

91. বর্দোলি সত্যাগ্রহের নেতা কে ছিলেন?
(a) মহাত্মা গান্ধী (b) বল্লভভাই প্যাটেল (c) বি আর আম্বেদকর (d) মহাদেব দেশাই

92. 'ডু অর ডাই' (Do or Die) স্লোগানটি কোন আন্দোলনের সঙ্গে যুক্ত?
(a) অসহযোগ আন্দোলন (b) আইন অমান্য আন্দোলন (c) ভারত ছাড়ো আন্দোলন (d) খিলাফৎ আন্দোলন

93. কুইট ইন্ডিয়া মুভমেন্টের সময় ভারতের ভাইসরয় কে ছিলেন?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) লর্ড ওয়েভেল (c) লর্ড লিনলিথগো (d) লর্ড আরউইন

94. কে প্রথম ইনকিলাব জিন্দাবাদ স্লোগানটি দিয়েছিলেন?
(a) ভগৎ সিং (b) হাসরত মোহানি (c) এস সি বোস (d) এম কে গান্ধী

95. কত সালে সূর্য সেনের নেতৃত্বে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন হয়?
(a) 1930 (b) 1932 (c) 1929 (d) 1934

96. হরিপুরা অধিবেশনে কংগ্রেসের সভাপতি কে নির্বাচিত হন?
(a) জওহরলাল নেহরু (b) সুভাষচন্দ্র বসু (c) জে বি কৃপালিনী (d) পট্টভি সীতারামাইয়া

97. 'ভাইসরয়' কথাটির অর্থ কী?
(a) রাজা (b) প্রধানমন্ত্রী (c) রাজপ্রতিনিধি (d) সেনাপতি

98. কে 'সার্ভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটি' প্রতিষ্ঠা করেন?
(a) বাল গঙ্গাধর তিলক (b) গোপালকৃষ্ণ গোখলে (c) লালা লাজপত রায় (d) বিপিনচন্দ্র পাল

99. জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে কে 'নাইট' উপাধি ত্যাগ করেন?
(a) মহাত্মা গান্ধী (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) শঙ্কর নায়ার (d) আবুল কালাম আজাদ

100. ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে গান্ধীজি একবারই সভাপতিত্ব করেছিলেন?
(a) 1924 বেলগাঁও (b) 1925 কানপুর (c) 1907 সুরাট (d) 1916 লখনউ

101. পেনসিলের সিস কী দিয়ে তৈরি?
(a) কাঠকয়লা (b) গ্রাফাইট (c) সিসা (d) ভুসোকালি

102. শব্দের গতিবেগ সব থেকে বেশি কোথায়?
(a) শূন্যস্থানে (b) গ্যাসে (c) তরলে (d) কঠিনে

103. মানুষের লালারসে কোন এনজাইম থাকে?
(a) পেপসিন (b) ট্রিপসিন (c) টায়ালিন (d) ইরেপসিন

104. ভিটামিন C-এর রাসায়নিক নাম কী?
(a) রেটিনল (b) অ্যাসকরবিক অ্যাসিড (c) ক্যালসিফেরল (d) টোকোফেরল

105. পিতল কোন কোন ধাতুর সংকর?
(a) তামা ও দস্তা (b) তামা ও টিন (c) তামা ও নিকেল (d) লোহা ও তামা

106. শুষ্ক বরফ আসলে কী?
(a) জমানো বরফ (b) কঠিন কার্বন-ডাই-অক্সাইড (c) তরল নাইট্রোজেন (d) বরফ ও লবণের মিশ্রণ

107. পরিপাকতন্ত্রের কোন অংশ থেকে শর্করা জাতীয় খাদ্যের পরিপাক শুরু হয়?
(a) পাকস্থলী (b) মুখগহ্বর (c) ক্ষুদ্রান্ত্র (d) বৃহদন্ত্র

108. অরাম কোন ধাতুর ল্যাটিন নাম?
(a) রুপো (b) তামা (c) সোনা (d) লোহা

109. নিকট দৃষ্টির ত্রুটি বা মায়োপিয়া সরাতে কোন লেন্স ব্যবহার করা হয়?
(a) উত্তল লেন্স (b) অবতল লেন্স (c) বেলনাকৃতি লেন্স (d) সাধারণ কাচ

110. লাফিং গ্যাস কোনটি?
(a) নাইট্রাস অক্সাইড (b) নাইট্রোজেন ডাই-অক্সাইড (c) নাইট্রোজেন (d) মিথেন

111. পেসমেকার শরীরের কোন অঙ্গের সঙ্গে যুক্ত?
(a) বৃক্ক (b) মস্তিষ্ক (c) হৃৎপিণ্ড (d) যকৃৎ

112. বায়ুমণ্ডলের কোন স্তরে রেডিও তরঙ্গ প্রতিফলিত হয়?
(a) ট্রপোস্ফিয়ার (b) স্ট্র্যাটোস্ফিয়ার (c) আয়নোস্ফিয়ার (d) এক্সোস্ফিয়ার

113. উদ্ভিদের ট্রপিক চলন নিয়ন্ত্রণ করে কোন হরমোন?
(a) জিব্বারেলিন (b) অক্সিন (c) সাইটোকাইনিন (d) ইথিলিন

114. সবচেয়ে হালকা ধাতু কোনটি?
(a) লিথিয়াম (b) অ্যালুমিনিয়াম (c) ম্যাগনেসিয়াম (d) সোডিয়াম

115. জলাতঙ্ক রোগের টিকা কে আবিষ্কার করেন?
(a) এডওয়ার্ড জেনার (b) লুই পাস্তুর (c) আলেকজান্ডার ফ্লেমিং (d) রবার্ট কোচ

116. প্রাকৃতিক নির্বাচনবাদ তত্ত্বের প্রবক্তা কে?
(a) ল্যামার্ক (b) ডারউইন (c) মেন্ডেল (d) ডি ভ্রিস

117. শক্তির প্রাথমিক উৎস কোনটি?
(a) কার্বোহাইড্রেট (b) সূর্য (c) উদ্ভিদ (d) এটিপি

118. হীরা উজ্জ্বল দেখায় কেন?
(a) প্রতিফলন (b) প্রতিসরণ (c) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন (d) বিচ্ছুরণ

119. কোন ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
(a) ভিটামিন A (b) ভিটামিন D (c) ভিটামিন K (d) ভিটামিন E

120. কুইনাইন কোন গাছ থেকে পাওয়া যায়?
(a) সর্পগন্ধা (b) সিঙ্কোনা (c) তামাক (d) কফি

121. তড়িৎ প্রবাহের একক কী?
(a) ভোল্ট (b) ওহম (c) অ্যাম্পিয়ার (d) ওয়াট

122. পিঁপড়ের হুলে কোন অ্যাসিড থাকে?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) ফরমিক অ্যাসিড (c) ল্যাকটিক অ্যাসিড (d) অক্সালিক অ্যাসিড

123. পিউরিফাইড সিলিকন কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
(a) সিমেন্ট তৈরি (b) অপটিক্যাল ফাইবার (c) সেমিকন্ডাক্টর (d) সাবান তৈরি

*এরপর দশের পাতায়*

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আগের পাতার পর*

35. লোকসভার সদস্য হওয়ার জন্য ন্যূনতম বয়স কত হওয়া প্রয়োজন?
(a) 21 বছর (b) 25 বছর (c) 30 বছর (d) 35 বছর

36. পঞ্চায়েতি রাজ ব্যবস্থা প্রথম কোন রাজ্যে চালু হয়?
(a) পশ্চিমবঙ্গ (b) উত্তর প্রদেশ (c) রাজস্থান (d) অন্ধ্রপ্রদেশ

37. ভারতের কেন্দ্রীয় ব্যাঙ্ক কোনটি?
(a) SBI (b) PNB (c) RBI (d) HDFC

38. নীতি আয়োগ-এর চেয়ারম্যান কে হন?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) অর্থমন্ত্রী (d) উপ-রাষ্ট্রপতি

39. 'কুচিপুড়ি' কোন রাজ্যের শাস্ত্রীয় নৃত্য?
(a) কেরল (b) তামিলনাড়ু (c) অন্ধ্রপ্রদেশ (d) ওড়িশা

40. কুনো ন্যাশনাল পার্ক কোন রাজ্যে অবস্থিত?
(a) গুজরাট (b) মধ্যপ্রদেশ (c) আসাম (d) উত্তরাখণ্ড

41. অগ্নি নির্বাপক যন্ত্রে কোন গ্যাস ব্যবহার করা হয়?
(a) অক্সিজেন (b) নাইট্রোজেন (c) কার্বন-ডাই-অক্সাইড (d) হাইড্রোজেন

42. ভারতের বর্তমান প্রধান নির্বাচন কমিশনার কে?
(a) রাজীব কুমার (b) সুশীল চন্দ্র (c) জ্ঞানেশ কুমার (d) কোনওটিই নয়

43. চন্দ্রযান-3 চাঁদের কোন মেরুতে অবতরণ করেছে?
(a) উত্তর মেরু (b) দক্ষিণ মেরু (c) পূর্ব মেরু (d) পশ্চিম মেরু

44. সম্প্রতি কোন দেশ ব্রিকস-এর নতুন সদস্য হয়েছে?
(a) মিশর (b) ইথিওপিয়া (c) ইরান (d) ইন্দোনেশিয়া

45. 'সাঁওতাল বিদ্রোহ' কত সালে সংঘটিত হয়েছিল?
(a) 1855 সালে (b) 1857 সালে (c) 1865 সালে (d) 1875 সালে

46. দু'টি সংখ্যার গ.সা.গু 8 এবং ল.সা.গু 48। একটি সংখ্যা 16 হলে, অন্যটি কত?
(a) 20 (b) 24 (c) 32 (d) 36

47. একটি সংখ্যার 20% এর মান 50 হলে, সংখ্যাটির 40% কত?
(a) 80 (b) 100 (c) 120 (d) 90

48. 500 টাকার একটি দ্রব্য 600 টাকায় বিক্রি করলে লাভের শতকরা হার কত?
(a) 10% (b) 15% (c) 20% (d) 25%

49. A একটি কাজ 10 দিনে এবং B 25 দিনে করতে পারে। দু'জনে মিলে কাজটি কত দিনে করবে?
(a) 5 দিন (b) 6 দিন (c) 8 দিন (d) 9 দিন

50. 150 মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় 36 কিলোমিটার বেগে চললে, একটি পোস্ট অতিক্রম করতে কত সময় নেবে?
(a) 10 সেকেন্ড (b) 15 সেকেন্ড (c) 20 সেকেন্ড (d) 25 সেকেন্ড

51. ত্রিভুজের তিন কোণের অনুপাত 2 : 3 : 4 হলে, বৃহত্তম কোণটি কত?
(a) $60^\circ$ (b) $70^\circ$ (c) $80^\circ$ (d) $90^\circ$

52. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 20% বাড়লে ও প্রস্থ 10% কমলে ক্ষেত্রফল কত পরিবর্তিত হবে?
(a) 8% বৃদ্ধি (b) 10% বৃদ্ধি (c) 2% হ্রাস (d) 5% বৃদ্ধি

53. বর্তমানে পিতার বয়স 40 বছর। 5 বছর আগে পিতার বয়স পুত্রের 7 গুণ ছিল। পুত্রের বর্তমান বয়স কত?
(a) 10 বছর (b) 15 বছর (c) 20 বছর (d) 12 বছর

54. একটি বৃত্তের ব্যাসার্ধ 14 সেমি হলে তার পরিধি কত?
(a) 44 সেমি (b) 88 সেমি (c) 132 সেমি (d) 176 সেমি

55. প্রথম 10টি স্বাভাবিক সংখ্যার গড় কত?
(a) 5 (b) 5.5 (c) 6 (d) 6.5

56. 0.25, 0.5, 1, 2 ... এর পরবর্তী সংখ্যাটি কত?
(a) 3 (b) 4 (c) 5 (d) 3.5

57. ত্রিভুজের ভূমি 10 সেমি ও উচ্চতা 6 সেমি হলে ক্ষেত্রফল কত?
(a) 30 বর্গসেমি (b) 60 বর্গসেমি (c) 15 বর্গসেমি (d) 45 বর্গসেমি

58. $x + 5 = 15$ হলে, $x^2 = ?$
(a) 25 (b) 50 (c) 100 (d) 125

59. একটি সংখ্যার 4 গুণ থেকে 10 বিয়োগ করলে 14 হয়, সংখ্যাটি কত?
(a) 4 (b) 5 (c) 6 (d) 8

60. একটি বর্গক্ষেত্রের পরিসীমা 20 সেমি হলে ক্ষেত্রফল কত?
(a) 100 বর্গসেমি (b) 25 বর্গসেমি (c) 200 বর্গসেমি (d) 400 বর্গসেমি

61. 80-এর 30% -এর 25% = ?
(a) 4 (b) 6 (c) 8 (d) 10

62. ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত?
(a) $90^\circ$ (b) $180^\circ$ (c) $270^\circ$ (d) $360^\circ$

63. ঘড়িতে 9টা বাজলে কাঁটা দু'টির মধ্যবর্তী কোণ কত?
(a) $60^\circ$ (b) $90^\circ$ (c) $120^\circ$ (d) $180^\circ$

64. 3, 6, 9, 12, ... ধারার 15তম পদ কোনটি?
(a) 40 (b) 45 (c) 50 (d) 55

65. একটি ট্রেন 600 মিটার দীর্ঘ একটি প্ল্যাটফর্মকে 50 সেকেন্ডে এবং একটি খুঁটিকে 20 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
(a) 150 মিটার (b) 400 মিটার (c) 450 মিটার (d) 500 মিটার

66. নীচের কোনটি মৌলিক সংখ্যা?
(a) 4 (b) 7 (c) 9 (d) 10

67. 1 থেকে 50 পর্যন্ত সংখ্যার যোগফল কত?
(a) 1250 (b) 1275 (c) 1300 (d) 1225

*এরপর দশের পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

124. সবচেয়ে নমনীয় ধাতু কোনটি?
(a) রুপো (b) লোহা (c) অ্যালুমিনিয়াম (d) সোনা

125. মানুষের সুষুম্না স্নায়ুর সংখ্যা ক'টি?
(a) 12 জোড়া (b) 31 জোড়া (c) 25 জোড়া (d) 10 জোড়া

126. ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় 'অস্পৃশ্যতা দূরীকরণ'-এর কথা বলা হয়েছে?
(a) ধারা 14 (b) ধারা 16 (c) ধারা 17 (d) ধারা 18

127. ভারতের পঞ্চায়েতি রাজ ব্যবস্থা ——— স্তরের।
(a) এক-স্তরীয় (b) দ্বি-স্তরীয় (c) ত্রি-স্তরীয় (d) চার-স্তরীয়

128. রাজ্যসভার সভাপতিত্ব কে করেন?
(a) রাষ্ট্রপতি (b) উপ-রাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্পিকার

129. ভারতীয় সংবিধানের অভিভাবক কাকে বলা হয়?
(a) রাষ্ট্রপতি (b) সাংসদ (c) সুপ্রিম কোর্ট (d) প্রধানমন্ত্রী

130. অর্থ বিল চূড়ান্তভাবে কে নির্ধারণ করেন?
(a) প্রধানমন্ত্রী (b) স্পিকার (c) রাষ্ট্রপতি (d) অর্থমন্ত্রী

131. ভারতের বর্তমান জি এস টি ব্যবস্থা কবে থেকে চালু হয়?
(a) 1 জুলাই, 2017 (b) 1 জানুয়ারি, 2017 (c) 2 অক্টোবর, 2017 (d) 31 মার্চ, 2017

132. নীতি আয়োগ কত সালে গঠিত হয়?
(a) 1 জানুয়ারি, 2015 (b) 1 জুন, 2015 (c) 1 জানুয়ারি, 2016 (d) 1 জানুয়ারি, 2014

133. ভারতীয় সংবিধানে 'মৌলিক কর্তব্য' কোন দেশ থেকে নেওয়া হয়েছে?
(a) আমেরিকা (b) সোভিয়েত ইউনিয়ন (c) আয়ারল্যান্ড (d) ব্রিটেন

134. রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1935 (b) 1949 (c) 1950 (d) 1947

135. সংবিধানের কোন ধারা অনুযায়ী রাষ্ট্রপতি 'জাতীয় জরুরি অবস্থা' জারি করতে পারেন?
(a) ধারা 352 (b) ধারা 356 (c) ধারা 360 (d) ধারা 370

136. ভারতে সবুজ বিপ্লব কোন শস্যের ক্ষেত্রে সব থেকে সফল হয়েছিল?
(a) ধান (b) গম (c) তুলা (d) তেলবীজ

137. সংবিধানের কত নম্বর ধারাকে ডঃ বি আর আম্বেদকর 'হৃদয় ও আত্মা' বলেছেন?
(a) ধারা 19 (b) ধারা 21 (c) ধারা 32 (d) ধারা 226

138. ভারতের পঞ্চবার্ষিকী পরিকল্পনা চূড়ান্ত অনুমোদন কে দিতেন?
(a) পরিকল্পনা কমিশন (b) রাষ্ট্রপতি (c) ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল (d) ক্যাবিনেট

139. লোকসভার সদস্য হওয়ার জন্য ন্যূনতম বয়স কত হওয়া প্রয়োজন?
(a) 18 বছর (b) 21 বছর (c) 25 বছর (d) 30 বছর

140. ভারতের কেন্দ্রীয় ব্যাঙ্কের নাম কী?
(a) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (b) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (c) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) আই সি আই সি আই ব্যাঙ্ক

141. বুল এবং বিয়ার শব্দ দু'টি কোন বিষয়ের সঙ্গে যুক্ত?
(a) ব্যাঙ্কিং (b) শেয়ার বাজার (c) রেশম চাষ (d) আন্তর্জাতিক বাণিজ্য

142. শিক্ষা সংবিধানের কোন তালিকার অন্তর্ভুক্ত?
(a) কেন্দ্রীয় তালিকা (b) রাজ্য তালিকা (c) যুগ্ম তালিকা (d) কোনওটিই নয়

143. ভারতীয় সংবিধানের 'পঞ্চায়েত' ব্যবস্থার কথা কত নম্বর তফসিলে বলা হয়েছে?
(a) দশম তফসিল (b) একাদশ তফসিল (c) দ্বাদশ তফসিল (d) নবম তফসিল

144. প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কত সালে শুরু হয়?
(a) 1948 (b) 1950 (c) 1951 (d) 1955

145. ভারতের সুপ্রিম কোর্টের বিচারপতিদের অবসরের বয়স কত?
(a) 60 বছর (b) 62 বছর (c) 65 বছর (d) 70 বছর

146. নাবার্ড কোন ক্ষেত্রে ঋণ প্রদানের জন্য গঠিত হয়েছে?
(a) শিল্প ক্ষেত্র (b) আবাসন ক্ষেত্র (c) কৃষি ও গ্রামীণ উন্নয়ন (d) রপ্তানি বাণিজ্য

147. ভারতের নির্বাচন কমিশন কোন ধরনের সংস্থা?
(a) আইনি সংস্থা (b) সাংবিধানিক সংস্থা (c) বেসরকারি সংস্থা (d) কোনওটিই নয়

148. ভারতে আয়কর হল:
(a) পরোক্ষ এবং আনুপাতিক (b) প্রত্যক্ষ এবং প্রগতিশীল (c) প্রত্যক্ষ এবং আনুপাতিক (d) পরোক্ষ এবং প্রগতিশীল

149. সংবিধানের কোন সংশোধনীতে ভোটারদের বয়স 21 থেকে কমিয়ে 18 করা হয়?
(a) 42তম সংশোধনী (b) 44তম সংশোধনী (c) 61তম সংশোধনী (d) 73তম সংশোধনী

150. ভারতের বৃহত্তম পাবলিক সেক্টর ব্যাংক কোনটি?
(a) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (b) পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (c) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

151. পশ্চিমবঙ্গের রাজ্য বাজেটে 2025-26 অর্থবর্ষে 'নদী বাঁধন' প্রকল্প কীসের জন্য চালু করা হয়েছে?
(a) সুন্দরবন উন্নয়ন (b) নদী ভাঙন রোধ ও গঙ্গা-পদ্মা ব্যবস্থাপনা (c) মাছ চাষ বৃদ্ধি (d) পর্যটন উন্নয়ন

152. 2025 সালের ফেব্রুয়ারিতে পশ্চিমবঙ্গের কোন জেলায় 'Triple Elimination' উদ্যোগের মাধ্যমে HIV সিফিলিস এবং হেপাটাইটিস B নির্মূলের লক্ষ্য নেওয়া হয়েছে?
(a) কলকাতা (b) দার্জিলিং (c) সমগ্র পশ্চিমবঙ্গ (d) বাঁকুড়া

153. 2025 সালের অগস্টে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কোন অনন্য প্রকল্পটি চালু করেছেন যেখানে বুথ এলাকার সমস্যার তালিকা স্থানীয়রাই তৈরি করবে?
(a) দুয়ারে সরকার (b) পাড়ায় সমাধান (c) আমাদের পাড়া আমাদের সমাধান (d) বঙ্গশ্রী

154. 2026 সালের 1 এপ্রিল থেকে পশ্চিমবঙ্গের কোন প্রকল্পটি শুরু হবে যা বেকার যুবকদের মাসে 1500 টাকা ভাতা দেবে?
(a) যুবশ্রী (b) কর্মসাথী (c) বাংলার যুব সাথী প্রকল্প (d) মতীর সৃষ্টি

155. 2025-26 সালের বাজেটে পশ্চিমবঙ্গের 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্পে সাধারণ ও SC/ST/OBC শ্রেণিভুক্ত মহিলাদের জন্য মাসিক সহায়তার পরিমাণ কত?
(a) 500 ও 1000 টাকা (b) 1500 ও 1700 টাকা (c) 1500 ও 2000 টাকা (d) 2000 ও 2500 টাকা

#### উত্তর

1(a), 2(b), 3(c), 4(b), 5(a), 6(a), 7(b), 8(b), 9(b), 10(b), 11(b), 12(b), 13(a), 14(c), 15(b), 16(b), 17(a), 18(a), 19(b), 20(b), 21(c), 22(c), 23(b), 24(b), 25(b), 26(a), 27(a), 28(b), 29(c), 30(a), 31(a), 32(c), 33(a), 34(c), 35(b), 36(b), 37(c), 38(b), 39(b), 40(b), 41(a), 42(a), 43(b), 44(a), 45(b), 46(d), 47(d), 48(a), 49(b), 50(b), 51(d), 52(b), 53(d), 54(b), 55(c), 56(a), 57(b), 58(b), 59(c), 60(b), 61(a), 62(b), 63(a), 64(b), 65(b), 66(c), 67(a), 68(c), 69(c), 70(b), 71(b), 72(b), 73(c), 74(b), 75(d), 76(b), 77(a), 78(b), 79(a), 80(c), 81(a), 82(b), 83(b), 84(a), 85(a), 86(c), 87(a), 88(a), 89(a), 90(b), 91(b), 92(c), 93(c), 94(b), 95(a), 96(b), 97(c), 98(b), 99(b), 100(a), 101(b), 102(d), 103(c), 104(b), 105(a), 106(b), 107(b), 108(c), 109(b), 110(a), 111(c), 112(c), 113(b), 114(a), 115(b), 116(b), 117(b), 118(c), 119(c), 120(b), 121(c), 122(b), 123(c), 124(d), 125(b), 126(c), 127(c), 128(b), 129(c), 130(b), 131(a), 132(a), 133(b), 134(a), 135(a), 136(b), 137(c), 138(c), 139(c), 140(b), 141(b), 142(c), 143(b), 144(c), 145(c), 146(c), 147(b), 148(b), 149(c), 150(c), 151(b), 152(c), 153(c), 154(c), 155(b).

**এরপর আগামী সংখ্যায়**

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

68. 5টি কলমের দাম 50 টাকা হলে, 8টি কলমের দাম কত?
(a) 60 টাকা (b) 70 টাকা (c) 80 টাকা (d) 90 টাকা

69. আয়তক্ষেত্রের পরিসীমা 60 সেমি ও দৈর্ঘ্য 20 সেমি হলে, প্রস্থ কত?
(a) 10 সেমি (b) 15 সেমি (c) 20 সেমি (d) 5 সেমি

70. $\sin\theta = \frac{1}{2}$ হলে θ -এর মান কত?
(a) $30^\circ$ (b) $45^\circ$ (c) $60^\circ$ (d) $90^\circ$

71. দই : দুধ : : ওয়াইন : ?
(a) আঙুর (b) জল (c) ইস্ট (d) অ্যালকোহল

72. 2, 6, 12, 20, 30, ?
(a) 40 (b) 42 (c) 44 (d) 38

73. 'TABLE'-কে 'UCEPJ' হিসেবে কোড করলে 'CHAIR'-কে কী লেখা হবে?
(a) DIBJS (b) DICHS (c) BGHJQ (d) DJDMW

74. এক মহিলার দিকে ইঙ্গিত করে রাজু বলল, 'তিনি আমার বাবার একমাত্র পুত্রের স্ত্রী'। মহিলাটি রাজুর কে হন?
(a) মা (b) স্ত্রী (c) বোন (d) শাশুড়ি

75. সব মানুষ হয় মরণশীল। সব মরণশীল প্রাণী অমর নয়।
সিদ্ধান্ত: সব মানুষ অমর নয়। এটি কী সঠিক?
(a) হ্যাঁ (b) না (c) অনিশ্চিত (d) সম্পর্কহীন

76. একটি ঘড়ির কাঁটা উত্তর দিকে আছে। $90^\circ$ ঘড়ির কাঁটার দিকে ঘোরালে সেটি কোন দিকে হবে?
(a) দক্ষিণ (b) পূর্ব (c) পশ্চিম (d) উত্তর-পূর্ব

77. ভুল সংখ্যাটি নির্ণয় করুন: 1, 8, 27, 64, 126
(a) 8 (b) 27 (c) 64 (d) 126

78. যদি 'A' = '+', 'B' = '–', 'C' = '×' হয়, তবে 10 C 5 A 3 B 4 = ?
(a) 49 (b) 45 (c) 52 (d) 50

79. যদি ইংরেজি বর্ণমালাগুলিকে বিপরীতক্রমে সাজানো যায়, তবে বাঁদিক থেকে দশম বর্ণের ডানদিকের অষ্টম বর্ণ কোনটি?
(a) F (b) G (c) H (d) I

80. একটি ছক্কার ওপরের পৃষ্ঠে 4 থাকলে নীচের পৃষ্ঠে কত থাকবে?
(a) 2 (b) 3 (c) 1 (d) 5

81. ইংরেজি বর্ণমালার বাঁদিক থেকে 10ম অক্ষরের ঠিক ডানদিকের 3য় অক্ষর কোনটি?
(a) M (b) N (c) L (d) K

82. একটি সারিতে রাম বাঁদিক থেকে 15তম এবং ডানদিক থেকে 20তম। মোট কতজন আছে?
(a) 35 (b) 34 (c) 36 (d) 32

83. কাগজ ভাঁজ করার পর কাটলে কোনটি তৈরি হয়?
(a) প্রতিসম ছবি (b) অপ্রতিসম ছবি (c) একই ছবি (d) কোনওটিই নয়

84. সব গাড়ি বাস। কিছু বাস হয় ট্রেন।
সিদ্ধান্ত: কিছু গাড়ি হয় ট্রেন। সঠিক কী?
(a) হ্যাঁ (b) না (c) সম্ভবত (d) তথ্য অপর্যাপ্ত

85. নীচের কোনটি আলাদা?
(a) উইকিপিডিয়া (b) গুগল (c) ফেসবুক (d) নিউজপেপার

86. রাহুল উত্তর দিকে 5 কিলোমিটার গেল, তারপর বাঁদিকে ঘুরে 3 কিলোমিটার গেল। সে এখন কোন দিকে আছে?
(a) উত্তর-পশ্চিম (b) উত্তর-পূর্ব (c) পশ্চিম (d) দক্ষিণ

87. 'RRWAO'-এটি সাজালে কী হয়?
(a) DWARO (b) ARROW (c) ROWAD (d) DOWAR

88. একটি পরিবারে রামের বাবা শ্যাম, শ্যামের বোন গীতা। গীতার সঙ্গে রামের সম্পর্ক কী?
(a) বোন (b) পিসি (c) কাকিমা (d) মা

89. সিরিজটি সম্পূর্ণ করুন: A, C, F, J, ?
(a) M (b) O (c) P (d) N

90. নীচের কোন সংখ্যাটি 1-এর মতো একই ক্যাটেগরিতে পড়ে না?
9, 25, 36, 42
(a) 9 (b) 42 (c) 36 (d) 25

91. যদি '+' = '–', '–' = '×', '×' = '÷' হয়, তবে 10 + 5 – 2 × 1 = ?
(a) 10 (b) 0 (c) 5 (d) 4

92. যদি CAT = 3120, DOG = 4257 হয়, তাহলে HEN = ?
(a) 8514 (b) 8415 (c) 7514 (d) 8615

93. নীচের কোনটি ভিন্ন?
(a) ত্রিভুজ (b) গোলক (c) বৃত্ত (d) বর্গক্ষেত্র

94. গতকাল বুধবার হলে, আগামীকালের পরের দিন কী বার হবে?
(a) শনিবার (b) শুক্রবার (c) রবিবার (d) বৃহস্পতিবার

95. কোনটি সম্পর্কযুক্ত নয়?
(গরম, ঠাণ্ডা, উষ্ণ, আর্দ্রতা)
(a) গরম (b) আদ্রতা (c) ঠাণ্ডা (d) উষ্ণ

96. নীচের সিরিজের পরবর্তী সংখ্যাটি কী হবে?
3, 8, 15, 29, 35, ?
(a) 48 (b) 46 (c) 40 (d) 42

97. মেয়ের দিকে ইঙ্গিত করে সুমিত বলল, ' সে আমার দাদুর একমাত্র মেয়ের মেয়ে'। মেয়েটি সুমিতের কে?
(a) বোন (b) মা (c) পিসি (d) মাসি

98. প্রতিচ্ছবিতে কোনটি অপরিবর্তিত থাকে?
(a) A (b) H (c) B (d) C

99. কোনটি অন্যটির সঙ্গে সম্পর্কযুক্ত নয়?
(পেনসিল, খাতা, বই, টেবিল, কলম)
(a) বই (b) টেবিল (c) কলম (d) খাতা

100. উত্তর দিকে 10 মিটার গিয়ে ডাইনে ঘুরে 10 মিটার গেল। প্রাথমিক অবস্থান থেকে দূরত্ব কত?
(a) 20 মিটার (b) $10\sqrt{2}$ মিটার (c) 10 মিটার (d) 5 মিটার

#### উত্তর

1(b), 2(c), 3(d), 4(c), 5(b), 6(d), 7(c), 8(a), 9(b), 10(b), 11(b), 12(c), 13(d), 14(c), 15(b), 16(c), 17(b), 18(b), 19(c), 20(b), 21(c), 22(b), 23(c), 24(b), 25(d), 26(b), 27(c), 28(c), 29(a), 30(c), 31(b), 32(b), 33(b), 34(b), 35(b), 36(c), 37(c), 38(b), 39(c), 40(b), 41(c), 42(c), 43(b), 44(d), 45(a), 46(b), 47(b), 48(c), 49(b), 50(b), 51(c); 52(a), 53(a), 54(b), 55(b), 56(b), 57(a), 58(c), 59(c), 60(b), 61(b), 62(b), 63(b), 64(b), 65(b), 66(b), 67(b), 68(c), 69(a), 70(a), 71(a), 72(b), 73(d), 74(b), 75(a), 76(b), 77(d), 78(a), 79(d), 80(b), 81(a), 82(b), 83(a), 84(b), 85(d), 86(c), 87(b), 88(b), 89(b), 90(b), 91(b), 92(a), 93(b), 94(a), 95(b), 96(a), 97(a), 98(b), 99(b), 100(b).

#### সমাধান

46(b): সূত্র: দু'টির সংখ্যার গুণফল = গ.সা.গু × ল.সা.গু
ধরি, অন্য সংখ্যাটি x
সুতরাং, $16 \times x = 8 \times 48 \therefore x = \frac{8 \times 48}{16} = 24.$

47(b): 20% মানে 50, তাহলে 40% হল 20%-এর দ্বিগুণ
অর্থাৎ, $50 \times 2 = 100.$

48(c): লাভ = (600 – 500) = 100 টাকা
শতকরা লাভ $= \frac{100}{500} \times 100 = 20\%.$

49(b): সূত্র: $= \frac{A \times B}{A + B} = \frac{10 \times 15}{10 + 15} = \frac{150}{25} = 6$ দিন।

50(b): গতিবেগ 36 কিমি/ঘণ্টা $= 36 \times \frac{5}{18} = 10$ মিটার/সেকেন্ড
সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{গতি}} = \frac{150}{10} = 15$ সেকেন্ড।

51(c): অনুপাতগুলোর যোগফল = 2 + 3 + 4 = 9
আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি $180^\circ$

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ ‘ডি’

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

বৃহত্তম কোণ = $180^\circ \times \frac{4}{9} = 80^\circ$.

52(a): সূত্র: $\left(\frac{x-y-xy}{100}\right)\% = \left(20-10-\frac{20\times10}{100}\right)\% = (10-2)\%$

= 8% বৃদ্ধি।

53(a): পিতার বর্তমান বয়স = 40 বছর

5 বছর আগে, পিতার বয়স ছিল = (40 – 5) = 35 বছর

প্রশ্নানুযায়ী, 5 বছর আগে পিতার বয়স পুত্রের 7 গুণ ছিল

সুতরাং, 5 বছর আগে পুত্রের বয়স ছিল = (35 ÷ 7) = 5 বছর

এখন, পুত্রের বর্তমান বয়স বের করতে হলে, 5 বছর আগের বয়সের সঙ্গে 5 যোগ করতে হবে

অতএব, পুত্রের বর্তমান বয়স = (5 + 5) = 10 বছর।

54(b): সূত্র: $2\pi r = 2 \times \frac{22}{7} \times 14 = 88$ সেমি।

55(b): সূত্র: $\frac{n+1}{2} = \frac{10+1}{2} = 5.5$.

56(b): ধারাটি প্রতিবার 2 দিয়ে গুণ হচ্ছে (0.25 × 2 = 0.5, 0.5 × 2 = 1 ...)
পরবর্তী সংখ্যা = 2 × 2 = 4.

57(a): সূত্র: $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা = $\frac{1}{2} \times 10 \times 6 = 30$ বর্গসেমি।

58(c): x = 15 – 5 = 10

সুতরাং, $x^2 = 10^2 = 100$.

59(c): ধরি সংখ্যাটি x

$4x - 10 = 14 \Rightarrow 4x = 24 \Rightarrow x = 6$.

60(b): বাহু = $\frac{20}{4} = 5$ সেমি

ক্ষেত্রফল = $(5)^2 = 25$ বর্গ।

61(b): $80 \times \frac{30}{100} \times \frac{25}{100} = 80 \times 0.3 \times 0.25 = 6$.

62(b): ত্রিভুজের তিন কোণের সমষ্টি $180^\circ$.

63(b): $90^\circ$.

64(b): সূত্র: a + (n +1) d = 3 + (15 – 1) 3 = 3 + 42 = 45.

65(b): ট্রেন ও প্ল্যাটফর্ম

খুঁটি অতিক্রম করা মানে ট্রেনটির নিজের দৈর্ঘ্য অতিক্রম করা (20 সেকেন্ড)

প্ল্যাটফর্ম অতিক্রম করা মানে (নিজের দৈর্ঘ্য + 600 মিটার) অতিক্রম করা (50 সেকেন্ডে)

সুতরাং, ট্রেনটি 600 মিটার যায় (50 – 20) = 30 সেকেন্ডে

ট্রেনটির গতিবেগ = $\frac{600}{30} = 20$ মিটার/সেকেন্ড

ট্রেনটির দৈর্ঘ্য = (গতিবেগ × খুঁটি পার হওয়ার সময়) = 20 × 20 = 400 মিটার।

66(b): 7 মৌলিক সংখ্যা।

67(b): সূত্র: $\frac{n(n+1)}{2} = \frac{50\times51}{2} = 1275$.

68(c): 1টির দাম 10 টাকা

8টির দাম 80 টাকা।

69(a): সূত্র: 2 (দৈর্ঘ্য + প্রস্থ) = 60

20 + প্রস্থ = 30 ⇒ প্রস্থ = 10 সেমি।

70(a): $\sin 30\theta = \frac{1}{2}$.

71(a): যুক্তি: দুধ থেকে দই তৈরি হয়

একইভাবে আঙুর থেকে ওয়াইন তৈরি হয়।

72(b): ব্যবধানগুলো হল যথাক্রমে 4, 6, 8, 10, 12

$2 \xrightarrow{+4} 6 \xrightarrow{+6} 12 \xrightarrow{+8} 20 \xrightarrow{+10} 30 \xrightarrow{+12} 42$.

73(d): প্রতি বর্ণের সঙ্গে নির্দিষ্ট সংখ্যা যোগ করা হয়েছে

T A B L E
↓+1 ↓+2 ↓+3 ↓+4 ↓+5
U C E P J

C H A I R
↓+1 ↓+2 ↓+3 ↓+4 ↓+5
D J D M W

74(b): যুক্তি: বাবার একমাত্র পুত্র হল রাজু নিজেই

সুতরাং, তার স্ত্রী হলে সেই মহিলা।

75(a): যুক্তি: মানুষ যদি মরণশীল হয়, তবে তারা অমর হতে পারে না। হ্যাঁ।

76(b): যুক্তি: উত্তর দিক থেকে $90^\circ$ ডাইনে ঘুরলে পূর্ব দিক পাওয়া যায়।

77(d): যুক্তি: এগুলো ঘন সংখ্যা ($1^3 = 1, 2^2 = 8, 3^3 = 27, 4^3 = 64$)

পরবর্তীটি $5^3 = 125$ হওয়ার কথা কিন্তু 126 আছে।

78(a): 10 × 5 + 3 – 4 = 50 + 3 – 4 = 53 – 4 = 49.

79(d): রিভার্সের পর বাঁদিক থেকে দশম বর্ণের ডানদিকের অষ্টম বর্ণ = রিভার্সের পর বাঁদিক থেকে 10 + 8তম বর্ণ বা 18তম বর্ণ = রিভার্সের আগে বাঁদিক থেকে 17 – 8তম বর্ণ বা 9তম বর্ণ = I.

80(b): যুক্তি: একটি আদর্শ ছক্কার বিপরীত পৃষ্টের যোগফল 7 হয়

সুতরাং, 7 – 4 = 3.

81(a): 10ম অক্ষর J এর ডাইনে 3য় অক্ষর হল M (K, L, M).

82(b): যুক্তি: (15 + 20) – 1 = 34.

83(a): প্রতিসম ছবি।

84(b): গাড়ি এবং ট্রেনের মধ্যে সরাসরি কোনও সম্পর্ক নেই। ∴ না।

85(d): যুক্তি: ইউকিপিডিয়া, গুগল, ফেসবুক অনলাইন প্ল্যাটফর্ম।
নিউজপেপার একটি ভৌত মাধ্যম।

86(c): উত্তরের বাঁদিক হল পশ্চিম।

87(b): RRWAO ⇒ ARROW.

88(b): যুক্তি: বাবার বোন হল পিসি।

89(b): $A \xrightarrow{+2} C \xrightarrow{+3} F \xrightarrow{+4} J \xrightarrow{+5} O$.

90(b): যুক্তি 1, 9, 25, 36 হল পূর্ণবর্গ সংখ্যা

কিন্তু, 42 পূর্ণবর্গ সংখ্যা নয়।

91(b): 10 – 5 × 2 ÷ 1 = 10 – 10 = 0.

92(a): C A T — 3 1 20 = 3120; D O G — 4 15 7 = 4157

একইভাবে, H E N — 8 5 14 = 8514.

93(b): যুক্তি: ত্রিভুজ, বৃত্ত, বর্গক্ষেত্র হল দ্বিমাত্রিক (2D), গোলক হল ত্রিমাত্রিক (3D).

94(a): যুক্তি: গতকাল বুধবার হলে আজ বৃহস্পতিবার, আগামীকাল শুক্রবার, পরদিন শনিবার।

95(b): যুক্তি: গরম, ঠান্ডা, উষ্ণ তাপমাত্রা বোঝায়, আদ্রতা ভিন্ন বিষয়।

96(a): যুক্তি: এটি $n^2 - 1$ ধারা (যেমন $6^2 - 1 = 35$) পরবর্তিটি $7^2 - 1 = 48$.

97(a): দাদুর একমাত্র মেয়ে হল তার মা, তার মেয়ে হল বোন।

98(b): H বর্ণটির উলম্ব ও অনুভূমিক উভয় প্রতিসাম্য থাকায় এটি অপরিবর্তিত থাকে।

99(b): পেনসিল, খাতা, বই, কলম পড়ার সরঞ্জাম, টেবিল হল আসবাবপত্র।

100(c): যুক্তি: পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী $\sqrt{10^2 + 10^2} = \sqrt{200}$

$10\sqrt{2}$ মিটার।

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

162. প্রদত্ত শব্দটি থেকে কোন শব্দটি তৈরি যাবে না?
RESOURCES
(a) SOURCE (b) RISE (c) SOUR (d) POUR

163. বিখ্যাত আইফেল টাওয়ার কোথায় অবস্থিত?
(a) তুরস্ক (b) ইরান (c) প্যারিস (d) জাপান

164. ‘ইনকিলাব জিন্দাবাদ’ এই স্লোগানটি প্রথম কে দিয়েছিলেন?
(a) ভগৎ সিং (b) মহাত্মা গান্ধী (c) বটুকেশ্বর দত্ত (d) বালগঙ্গাধর তিলক

165. বায়ুর আর্দ্রতা বাড়লে শব্দের বেগের কী পরিবর্তন হবে?
(a) বেগ হ্রাস পাবে (b) বেগ বৃদ্ধি পাবে (c) বেগ একই থাকবে (d) কোনও পরিবর্তন হবে না

166. পল্লবদের রাজধানী কোথায় ছিল?
(a) শ্রীকুলাম (b) কাঞ্চীপুরম (c) তিরুচিরাপল্লি (d) মহাবলীপুরম

167. কোন খেলার সঙ্গে ‘চায়নাম্যান’ কথাটি যুক্ত?
(a) বক্সিং (b) ফুটবল (c) ক্রিকেট (d) পোলো

168. জাপান ও রাশিয়ার যুদ্ধ কত সালে হয়?
(a) 1905 সালে (b) 1904 সালে (c) 1903 সালে (d) 1902 সালে

169. ‘ইনিয়েস্তা’ কোন দেশের ফুটবলার ছিলেন?
(a) ইতালি (b) জার্মানি (c) স্পেন (d) সুইডেন

170. ভারতে আর্থিক বছর শুরু হয় কোন তারিখ থেকে?
(a) 1 এপ্রিল (b) 1 মার্চ (c) 1 ডিসেম্বর (d) 1 নভেম্বর

171. ব্যারোমিটারের পারদস্তম্ভ নেমে যাওয়া কীসের সংকেত বহন করে?
(a) প্রচণ্ড গরম (b) বৃষ্টিপাত (c) ঝড় (d) তুষারপাত

172. চরকা গান্ধীজির কোন আন্দোলন ‘আদর্শের প্রতীক’ ছিল?
(a) অসহযোগ (b) সত্যাগ্রহ (c) অহিংসা (d) সর্বোদয়

173. বিষুবরেখার অক্ষাংশ কত ডিগ্রি?
(a) 60 ডিগ্রি (b) 0 ডিগ্রি (c) 180 ডিগ্রি (d) 90 ডিগ্রি

174. যদি জলকে নীল, নীলকে লাল, লালকে সাদা, সাদাকে আকাশ, আকাশকে বৃষ্টি, বৃষ্টিকে সবুজ, সবুজকে বায়ু বলা হয় তবে দুধের রং কী হবে?
(a) সবুজ (b) আকাশ (c) বায়ু (d) সাদা

175. কোন ফলের তামিল অর্থ ‘কিচলি’?
(a) কাঁঠাল (b) আপেল (c) কুল (d) কমলালেবু

176. নীচের কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) 8-33 (b) 9-28 (c) 15-46 (d) 12-37

177. রাজ্য বিধান পরিষদের সদস্যরা কত বছরের জন্য নির্বাচিত হন?
(a) 5 (b) 4 (c) 3 (d) 2

178. রীমা, শীলা এবং মেরি ভালো নাচতে পারে, লীনা ও রীনা ভালো গান করে। মেরি, রীমা ও শীলা অঙ্কনে দক্ষ, এদের মধ্যে কে তিনটি বিষয়েই দক্ষ?
(a) মেরি (b) রীমা (c) শীলা (d) লীনা

179. ‘ভরের নিত্যতা সূত্র’ কে আবিষ্কার করেন?
(a) নিউটন (b) আইনস্টাইন (c) ল্যাভরসিয়ের (d) প্রিস্টলে

180. কোনও সারিতে টুবাই এর অবস্থান ডানদিক ও বাঁদিক উভয় দিক হতে 21তম হলে ওই সারিতে মোট কতজন লোক আছে?
(a) 39 (b) 40 (c) 41 (d) 42

181. নীচের সংখ্যা শ্রেণীতে পরবর্তী সংখ্যাটি কী হবে? 2, 3, 6, 18, 108, ?
(a) 1941 (b) 1942 (c) 1943 (d) 1944

182. 3, 5, 6, 11, 9, 17, 12, ______
(a) 21 (b) 22 (c) 23 (d) 24

183. নিম্নলিখিত তিনটি থেকে কোনটি আলাদা?
(a) গোলাপ (b) পদ্ম (c) জুঁই (d) ফুলকপি

184. কাঠ, পালিশের সঙ্গে সম্পর্কযুক্ত, লোহা কীসের সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) প্রলেপ (b) মরিচা (c) শিল্প (d) চুম্বকীয় আকর্ষণ

185. ‘THERMOLYSIS’ শব্দটির থেকে কোন শব্দটি তৈরি করা যাবে না?
(a) SISTER (b) LOITER (c) LOTUS (d) LORIS

186. সিরিজটি সম্পূর্ণ করুন:
12, 20, 30, 42, 56, ?
(a) 71 (b) 72 (c) 73 (d) 74

187. নীচের শব্দটি হতে কোনটি গঠন করা যায়?
IMMEDIATELY
(a) DIAMETER (b) LIMITED (c) DIALECT (d) DICTATE

188. দর্জি : কাপড় : : চাষী : ?
(a) জমি (b) গম (c) বপন (d) শস্য


189. 11 : 38 : : 13 : ?
(a) 43 (b) 44 (c) 46 (d) 48

190. পরপর সাজান: 1. গাছ 2. ফল 3. বীজ 4. পাতা 5. ফুল
(a) 2, 5, 4, 3, 1 (b) 3, 1, 4, 5, 2 (c) 1, 4, 3, 2, 5 (d) 1, 3, 4, 2, 5

191. কোনটি আলাদা?
(a) পামির (b) সাহারা (c) থর (d) গোবি

192. (a) নোকিয়া (b) সিমেন্স (c) বেনকিউ (d) এয়ারটেল

**নির্দেশ (193 to 195):** *নীচের চিত্রটি থেকে উত্তর দিন।*




193. কোন অক্ষরটি একজন ভারতীয় ও গায়ককে নির্দেশ করে যিনি নেতা নন?
(a) a (b) b (c) c (d) d

194. কোন অক্ষরটির দ্বারা একজন ভারতীয় গায়ক এবং নেতা নির্দেশিত হয়?
(a) b (b) c (c) d (d) e

195. কেবলমাত্র গায়ক নির্দেশ করে কোন অক্ষরটি দ্বারা?
(a) b (b) g (c) f (d) d

**নির্দেশ (196 – 197):** *কোনটি অন্যদের থেকে আলাদা?*

196. কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) আঠা (b) গুল্ম (c) সিমেন্ট (d) তেল

197. (a) 6958 (b) 1948 (c) 6895 (d) 9784

198. যদি E = 5 হয় ও PEN = 35 হয় তবে PAGE শব্দটি কত হবে?
(a) 27 (b) 28 (c) 29 (d) 30

199. জিহবা যদি স্বাদ-এর সঙ্গে সম্পর্কযুক্ত হয় তবে হাঁটা কীসের সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) ছড়ি (b) ফুটপাথ (c) জুতো (d) পদদ্বয়

200. m __ nm __ n __ an __ a __ ma __
(a) amammn (b) aammnn (c) aamnan (d) amanam

**উত্তর**

162(b), 163(c), 164(a), 165(b), 166(b), 167(c), 168(b), 169(c), 170(a), 171(c), 172(a), 173(b), 174(b), 175(d), 176(a), 177(a), 178(b), 179(c), 180(c), 181(d), 182(c), 183(d), 184(a), 185(c), 186(b), 187(b), 188(d), 189(b), 190(b), 191(a), 192(d), 193(d), 194(b), 195(b), 196(d), 197(b), 198(c), 199(d), 200(b).

**সমাধান**

162(b): RESOURCES শব্দটিতে কোনও ‘I’ অক্ষর না থাকায় RISE শব্দটি তৈরি করা যাবে না।

176(a): 8–33, A ছাড়া অন্যগুলিতে প্রথম সংখ্যা × 3 + 1 = দ্বিতীয় সংখ্যা।

178(b): রীমা তিনটি ক্ষেত্রেই দক্ষ।

180(c): (21 + 21) – 1 = 41 জন।

181(d): 2 × 3 = 6, 3 × 6 = 18, 6 × 18 = 108, 18 × 108 = 1944.

182(c):

+6 +6 +6
3 5 6 11 9 17 12 23
3×2 3×3 3×4

183(d): ফুলকপি একপ্রকার সবজি।

185(c): U অক্ষরটি মূল শব্দে অনুপস্থিত।

186(b): $3^2 + 3, 4^2 + 4, 5^2 + 5, 6^2 + 6, 7^2 + 7, 8^2 + 8 = 72$.

187(b): LIMITED শব্দটির সব অক্ষরগুলিই প্রদত্ত শব্দে বর্তমান।

189(b): 38 = 11 × 3 + 5 = 33 + 5 = 38, 13 × 3 + 5 = 39 + 5 = 44.

191(a): অন্যগুলি মরুভূমি।

192(d): অক্ষরগুলি মোবাইল ফোন সেট প্রস্তুতকারী।

197(b): B ব্যতীত অন্য সংখ্যাগুলি যোগ করে 28 হয়।

198(c): A = 1, G = 7 অতএব, PAGE ⇒ 16 + 1 + 7 + 5 = 29.

200(b): m<u>a</u>n/m<u>a</u>n/<u>m</u>an/<u>m</u>an/ma<u>n</u>.

প্রস্তুত করেছেন: সাগর রায়

# ব্যাঙ্ক অব বরোদায় ডেপুটি ম্যানেজার

ডেপুটি ম্যানেজার পদে ৮৩ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার ও ওয়েল্থ স্ট্র্যাটেজিস্ট (ইনভেস্টমেন্ট অ্যান্ড ইনশিওরেন্স) ক্যাটেগরিতে। প্রাথমিক ভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। তবে, কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ৫ বছর বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/08.

**শূন্যপদের বিন্যাস: সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার:** ৭০টি (তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ২০, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত ও ৪টি করে শূন্যপদ দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ওয়েল্থ স্ট্র্যাটেজিস্ট (ইনভেস্টমেন্ট অ্যান্ড ইনশিওরেন্স):** ১৩টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক। ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা বা এনআইএসএম বা আইআরডিএ সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে রিলেশনশিপ ম্যানেজার হিসেবে সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৩-২০২৬ তারিখে সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে ২৪ থেকে ৩৫ বছর এবং ওয়েল্থ স্ট্র্যাটেজিস্ট পদের ক্ষেত্রে ২৪ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, সাইকোমেট্রিক টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত ও ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ এপ্রিল।

দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে– প্রার্থীর রঙিন ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), প্রার্থীর জীবনপঞ্জি, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (পিডিএফ ফর্ম্যাটে, ৫০০ কেবি সাইজের মধ্যে)। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। পেমেন্ট গেটওয়ে চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর রিসিট-সহ পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সশস্ত্র সীমা বলে ১০৫৭

*পাঁচ পাতার পর*

বৈধ হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অন্যান্য পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা আইটিআই বা ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ, সেইসঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আইটিআই ডিপ্লোমা কোর্স পাশ। ভেটেরিনারি, ড্রাইভার ও কার্পেন্টার বাদে অন্যান্য পদের ক্ষেত্রে একাধিক দক্ষতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

**হেড কনস্টেবল:** কমিউনিকেশন পদের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। অথবা ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশনস বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে অন্তত ৩ বছরের ডিপ্লোমা। ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা আইটিআই বা ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ, সেইসঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ২ বছরের আইটিআই ডিপ্লোমা কোর্স পাশ। ভেটেরিনারি পদের ক্ষেত্রে বায়োলজি-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ, সঙ্গে ভেটেরিনারি অ্যান্ড লাইভস্টক ডেভেলপমেন্ট বা ভেটেরিনারি স্টক অ্যাসিস্ট্যান্ট কোর্স বা অ্যানিম্যাল হাজবেন্ড্রি বিষয়ে অন্তত ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ।

**বয়স:** কনস্টেবল ড্রাইভার ও ভেটেরিনারি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর, কার্পেন্টার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছর এবং বাকি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। হেড কনস্টেবল ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছর এবং বাকি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। ২০-৪-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: কমিউনিকেশন: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি ও মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

ইলেক্ট্রিশিয়ান: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৭.৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

ভেটেরিনারি: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

ড্রাইভার: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

অন্যান্য পদের ক্ষেত্রে: উচ্চতা: পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১৬৭.৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

উচ্চতা অনুসারে ওজন হতে হবে।

**বেতনক্রম:** কনস্টেবল পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা, হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, মাপজোক যাচাই, কম্পিউটারভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও স্কিল টেস্টের মাধ্যমে।

হেড কনস্টেবল পদে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড় ও মহিলাদের ক্ষেত্রে ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। কনস্টেবল পদে পুরুষদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৪.৮ কিলোমিটার দৌড় ও মহিলাদের ক্ষেত্রে ১৮ মিনিটে ২.৪ কিলোমিটার দৌড়।

কম্পিউটারভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, রিজনিং এবং জেনারেল ইংলিশ বা জেনারেল হিন্দি বিষয়ে। মোট নম্বর কনস্টেবল পদের ক্ষেত্রে ১০০ এবং হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ৫০। হেড কনস্টেবল পদের ক্ষেত্রে অতিরিক্ত ১০০ নম্বরের বিষয়ভিত্তিক প্রশ্ন হবে। পরীক্ষার সময়সীমা কনস্টেবল পদের ক্ষেত্রে ২ ঘণ্টা এবং হেড কনস্টেবল পদের ক্ষেত্রে ৩ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssb.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (উভয়ই ৪ থেকে ১২ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে ইউপিআই বা নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। মহিলা প্রার্থী, তফসিলি জাতি ও উপজাতি এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https:/recruitment.ssb.gov.in




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in